কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে সর্বাধিক পঠিত কর্মপত্রিকা
Source: Average Issue Readership, IRS 2019 Q3

ISSN 0971-7765

# কর্মক্ষেত্র

বাঙালির কর্মজীবনের প্রবেশপথ

বর্ষ ৪১ সংখ্যা ৩৯ কলকাতা বুধবার, ২৮ এপ্রিল ২০২১/১ ১৪ বৈশাখ ১৪২৮ দাম ৪.০০ টাকা ৮ পাতা R. N. 37120/80



রাজ্যের ৭২৩৭ আসনে নার্সিংয়ের ডিপ্লোমা ও সার্টিফিকেট কোর্সে ভর্তি
পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর ...পৃঃ ৬


## ভারতীয় নৌবাহিনীতে ২৫০০

নাবিক পদে ২,৫০০ জনকে নিয়োগ করবে ভারতীয় নৌবাহিনী। ট্রেনিং দিয়ে নিয়োগ করা হবে আর্টিফিশার অ্যাপ্রেন্টিস এবং সিনিয়র সেকেন্ডারি রিক্রুটস এন্ট্রিতে। কোর্স শুরু হবে ২০২১-এর অগস্ট থেকে। কেবলমাত্র অবিবাহিত পুরুষরা আবেদন করতে পারবেন।

**শূন্যপদের বিন্যাস:** আর্টিফিশার অ্যাপ্রেন্টিস ৫০০টি, সিনিয়র সেকেন্ডারি রিক্রুটস ২,০০০টি।

**শিক্ষাগত যোগ্যতা:** বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক পাশ। উচ্চমাধ্যমিকে ফিজিক্স, ম্যাথমেটিক্স এবং কেমিস্ট্রি বা বায়োলজি বা কম্পিউটার সায়েন্স পড়ে থাকতে হবে।

আর্টিফিশার অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে উচ্চমাধ্যমিকে অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

**বয়স:** জন্মতারিখ হতে হবে ১-২-২০০১ থেকে ৩১-৭-২০০৪-এর মধ্যে।

**দৈহিক মাপজোক:** উচ্চতা ১৫৭ সেমি, বুকের ছাতি অন্তত ৫ সেমি ফোলাতে পারা চাই। দৃষ্টিশক্তি: চশমা ছাড়া খালি চোখে ৬/৬ ও ৬/৯ এবং চশমা-সহ উভয় চোখে ৬/৬।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং দৈহিক সক্ষমতার পরীক্ষার মাধ্যমে। লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে ইংরেজি, সায়েন্স, ম্যাথমেটিক্স এবং জেনারেল নলেজ বিষয়ে। পরীক্ষার সময় ১ ঘণ্টা। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৭ মিনিটে ১.৬ কিলোমিটার দৌড়, ২০টি স্কোয়াট (ওঠ-বোস) এবং ১০টি পুশ-আপ।

ট্রেনিংয়ের মেয়াদ আর্টিফিশার অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে ৯ সপ্তাহ এবং সিনিয়র সেকেন্ডারি রিক্রুটসের ক্ষেত্রে ২২ সপ্তাহ। ট্রেনিং দেওয়া হবে আই এন এস চিলিকায়। এরপর হবে প্রফেশনাল ট্রেনিং। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড প্রতি মাসে ১৪,৬০০ টাকা। সফল ট্রেনিং শেষে নিয়োগ করা হবে নাবিক পদে। তখন বেতনক্রম ২১,৭০০-৬৯,১০০ টাকা, সঙ্গে মিলিটারি সার্ভিস পে ৫,২০০ টাকা। মাস্টার চিফ পেটি অফিসার-১ পর্যন্ত পদোন্নতির সুযোগ আছে।

অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindiannavy.gov.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। রেজিস্ট্রেশন করা যাবে ৩০ এপ্রিল পর্যন্ত। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণ করার সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো-সহ বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রয়োজনীয় নথিপত্র, ডোমিসাইল সার্টিফিকেট, এন সি সি

*এরপর তিনের পাতায়*

## ডেডিকেটেড ফ্রেট করিডর কর্পোরেশনে ১০৭৪

জুনিয়র এক্সিকিউটিভ, এক্সিকিউটিভ এবং জুনিয়র ম্যানেজার পদে ১,০৭৪ জনকে নেবে ডেডিকেটেড ফ্রেট করিডর কর্পোরেশন। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর 04/2021.

শূন্যপদের বিবরণ: পোস্ট কোড ১১: **জুনিয়র ম্যানেজার (সিভিল):** ৩১টি (সাধারণ ১৪, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। এর মধ্যে ২টি শূন্যপদ একটি হাত ক্ষতিগ্রস্ত এমন প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় স্নাতক। মেডিক্যাল স্ট্যান্ডার্ড: এ-৩ মানের হতে হবে।

পোস্ট কোড ১২: **জুনিয়র ম্যানেজার (অপারেশনস অ্যান্ড বি ডি):** ৭৭টি (সাধারণ ৩৪, তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ৫, ও বি সি ২০, আর্থিক ভাবে অনগ্রসর ৭)। এর মধ্যে ৪টি শূন্যপদ একটি হাত ক্ষতিগ্রস্ত এমন প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: মার্কেটিং বা বিজনেস অপারেশন বা কাস্টমার রিলেশন বা ফিনান্সে স্পেশ্যালাইজেশন এবং ৬০ শতাংশ

*এরপর দুইয়ের পাতায়*

## রুরকি আই আই টিতে ১২২

জুনিয়র ল্যাব অ্যাসিস্ট্যান্ট, জুনিয়র অ্যাসিস্ট্যান্ট এবং জুনিয়র সুপারিন্টেন্ডেন্ট পদে ১২২ জনকে নেবে রুরকির ইন্ডিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজি। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: IITR/Rect Cell/2021/1.

**শূন্যপদের বিবরণ: জুনিয়র সুপারিন্টেন্ডেন্ট (গ্রুপ বি):** ৩১টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৭, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। এর মধ্যে ২টি শূন্যপদ প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত হবে। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতকোত্তর ডিগ্রি অথবা স্নাতক, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। এর পাশাপাশি

*এরপর তিনের পাতায়*

## রাইটস লিমিটেডে ১৪৬ অ্যাপ্রেন্টিস

১৪৬ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে রাইটস লিমিটেড। এটি রেল মন্ত্রকের অধীনস্থ একটি প্রতিষ্ঠান। প্রশিক্ষণের মেয়াদ ১ বছর। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: Pers./26-10/Apprentice/1-2021.

আসনসংখ্যার বিবরণ: **গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস: ইঞ্জিনিয়ারিং ডিগ্রি (বি ই/বি টেক):** ৭৬টি, **নন-ইঞ্জিনিয়ারিং গ্র্যাজুয়েট (বি এ/বি বি এ/বি কম):** ২০টি। **ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস:** ১৫টি। **ট্রেড অ্যাপ্রেন্টিস (আই টি আই):** ৩৫টি।

নিয়মানুসারে তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের জন্য আসন সংরক্ষিত হবে।

**শিক্ষাগত যোগ্যতা:** ইঞ্জিনিয়ারিং শাখার ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে ডিগ্রি বা ডিপ্লোমা। নন-ইঞ্জিনিয়ারিং গ্র্যাজুয়েটদের ক্ষেত্রে বি এ বা বি বি এ বা বি কম। ট্রেড অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই কোর্স পাশ।

সব ক্ষেত্রেই ৬০ শতাংশ (তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে।

**স্টাইপেন্ড:** গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিসদের ক্ষেত্র প্রতি মাসে ১৪,০০০ টাকা, ডিপ্লোমা অ্যাপ্রেন্টিসদের ক্ষেত্রে প্রতি মাসে ১২,০০০ টাকা, ট্রেড অ্যাপ্রেন্টিসদের ক্ষেত্রে প্রতি মাসে ১০,০০০ টাকা।

২০১৮-র আগে ইঞ্জিনিয়ারিং ডিগ্রি বা ডিপ্লোমা পাশ করে থাকলে, এর আগে কোথাও অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়ে থাকলে বা এক বছরের বেশি কাজের অভিজ্ঞতা

*এরপর তিনের পাতায়*

## কেন্দ্রীয় শিক্ষা দপ্তরে ৩৬৩ প্রিন্সিপাল

৩৬৩ জন প্রিন্সিপাল নিয়োগ করবে কেন্দ্রীয় শিক্ষা দপ্তর। প্রার্থী বাছাই করবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ০৭/২০২১।

**শূন্যপদের বিন্যাস:** ভ্যাকেন্সি নম্বর ২১০৪০৭০১৩২৪: শূন্যপদ ৩৬৩ (পুরুষ ২০৮, মহিলা ১৫৫)। **ক্যাটেগরি অনুসারে বিন্যাস:** সাধারণ ১৪০ (পুরুষ ৮১, মহিলা ৫৯), তফসিলি জাতি ৫৭ (পুরুষ ৩১, মহিলা ২৬), তফসিলি উপজাতি ২৬ (পুরুষ ১৩, মহিলা ১৩), ও বি সি ১০৬ (পুরুষ ৬৫, মহিলা ৪১), আর্থিক ভাবে অনগ্রসর ৩৪ (পুরুষ ১৮,

*এরপর তিনের পাতায়*

## ভারত ইলেক্ট্রনিক্সে ২৬৮ প্রোজেক্ট ইঞ্জিনিয়ার

প্রোজেক্ট ইঞ্জিনিয়ার পদে ২৬৮ জনকে নেবে ভারত ইলেক্ট্রনিক্স লিমিটেড। এটি কেন্দ্রীয় সরকারের প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। উত্তরপ্রদেশ, অসম, দিল্লি-সহ বিভিন্ন রাজ্যে নিয়োগ করা হবে ২ বছরের চুক্তিতে। চুক্তির মেয়াদ আরও ২ বছর বাড়ানো হতে পারে।

**রাজ্য অনুসারে শূন্যপদ:** উত্তরপ্রদেশ ৪৮টি, অসম ২৪টি, মধ্যপ্রদেশ ১২টি, গুজরাত ৩৬টি, রাজস্থান ২৪টি, জম্মু ও কাশ্মীর ৪৮টি, দিল্লি ১২টি, পাঞ্জাব ৬৪টি।

**শিক্ষাগত যোগ্যতা:** ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, টেলিকমিউনিকেশন, কমিউনিকেশন, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, কম্পিউটার সায়েন্স, ইনফর্মেশন টেকনোলজি, ইনফর্মেশন সায়েন্স— এর মধ্যে যে-কোনও একটি বিষয়ে বি ই বা বি টেক। অন্তত ৬০ শতাংশ নম্বর (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে পাশ নম্বর) পেয়ে থাকতে হবে। এর পাশাপাশি, ১-৪-২০২১ তারিখ অনুসারে আই টি ইনফ্রাস্ট্রাকচার, আই পি নেটওয়ার্কিং, আই পি এনাবেলড ইলেক্ট্রনিক্স, ডেটা সেন্টার, সি সি টি ভি, সেন্সর বেসড আই ও টি, সফটওয়্যার প্রোডাক্ট সংক্রান্ত কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**বয়স:** ১-৪-২০২১ তারিখে ৩২ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের বয়সের ছাড় পাবেন।

**বেতন:** প্রথম বছরে প্রতি মাসে ৩৫,০০০ টাকা, দ্বিতীয় বছরে প্রতি মাসে ৪০,০০০ টাকা।

*এরপর তিনের পাতায়*

## স্বনির্ভর হওয়ার পথ দেখাচ্ছে সুন্দরিনী

**শহরের ব্যবসা-উদ্যোগীদের পাশাপাশি গ্রামীণ মহিলাদের আয়ের পথ দেখাচ্ছে সুন্দরবন দুগ্ধ ও প্রাণিসম্পদ উৎপাদক সমবায় সঙ্ঘের সংস্থা 'সুন্দরিনী'। এখানে জৈব পদ্ধতিতে উৎপাদিত হচ্ছে দুধ, মধু ও অন্যান্য শস্য। সমবায় সমিতির মহিলারাই সেখানে প্রধান উদ্যোগী। সম্প্রতি সুন্দরিনীর মিষ্টির দোকানও খুলেছে শহরে। সুন্দরিনীর উৎপাদিত সামগ্রীর ফ্র্যাঞ্চাইজি নিয়ে যে-কেউ বিপণনের ব্যবসাও করতে পারেন।**

**নিজস্ব প্রতিনিধি:** একদিকে কোভিড ১৯-এর দ্বিতীয় ঢেউ, অন্য দিকে অর্থনৈতিক বিপর্যয়ের ফলে এক চরম অনিশ্চিয়তা কাজ করছে সাধারণ মানুষের মনে। তবু এই অসময়েও বেশ কিছু সংস্থা সফল ভাবে বাণিজ্যিক কাজ করে চলেছে, নিজেরা পথ চলার পাশাপাশি আয়ের পথ দেখাচ্ছে অন্যদেরও। এদের মধ্যে অন্যতম সুন্দরবন দুগ্ধ ও প্রাণিসম্পদ উৎপাদক সমবায় সঙ্ঘ লিমিটেডের 'সুন্দরিনী'। এখানে জৈব পদ্ধতিতে তৈরি হচ্ছে দুধ, ঘি, মধু, মিষ্টি, পনির, দই, বিভিন্ন ধরনের মুখরোচক খাবার, তৈলবীজ, চার রকমের চাল ও দু'রকমের ডাল। দক্ষিণ ২৪ পরগনার প্রায় ৫,০০০ মহিলার কর্মসংস্থান করেছে 'সুন্দরিনী'। জীবনের



বিপর্যয়ের বাঁকে এই মহিলারা পাশে পেয়েছেন সুন্দরিনী-কে। তাঁদের আর্থিক সঙ্গতিই শুধু বাড়েনি, বদলেছে তাঁদের জীবনযাপনের মানও। রাসায়নিক সার ব্যবহার সম্পূর্ণ বন্ধ করে জৈব পদ্ধতিতে চাষ করে পূর্ণিমা মণ্ডল, মায়ারানি দাস প্রমুখ মহিলারা আজ স্বনির্ভর।

সুন্দরিনী-র একাধিক মিষ্টির দোকান খুলেছে কলকাতায়। সবক'টিই ফ্র্যাঞ্চাইজি। ফ্র্যাঞ্চাইজি নেওয়া যায় শুধু কলকাতার মধ্যে। বর্তমানে এই সংস্থার মিষ্টি এবং দুগ্ধজাত সামগ্রী বিশ্ব বাংলা বিপণিতেও পাওয়া যাচ্ছে। পশ্চিমবঙ্গ এবং ভারতের যে-কোনও প্রান্তে বসে সুন্দরিনী-র বিভিন্ন পণ্যের ডিলারশিপ

*এরপর দুয়ের পাতায়*


প্রকাশিত
এপ্রিল, ২০২১
প্রেশাপ্রবেশ




এই মুহূর্তের সবচেয়ে গুরুত্বপূর্ণ চাকরির জরুরি খবর

ডব্লু বি সি এস (প্রিলিমিনারি ও মেনের নমুনা প্রশ্নোত্তর), স্টাফ সিলেকশন কমিশনের কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল এবং হায়ার সেকেন্ডারি লেভেল, রাজ্য পুলিশের কনস্টেবল, রেল গ্রুপ 'ডি' ও আরও নানা সাম্প্রতিক খবর নিয়ে নিয়মিত বিভাগ

আজই আপনার সংবাদপত্র বিক্রেতাকে বলে রাখুন।

# ডেডিকেটেড ফ্রেট করিডর কর্পোরেশনে ১০৭৪

*প্রথম পাতার পর*

নম্বর-সহ এম বি এ বা পি জি ডি বি এ বা পি জি ডি বি এম বা পি জি ডি এম কোর্স পাশ। মেডিক্যাল স্ট্যান্ডার্ড: এ-২ মানের হতে হবে।

পোস্ট কোড ১৩: **জুনিয়র ম্যানেজার (মেকানিক্যাল)**: ৩টি। এর মধ্যে ১টি শূন্যপদ একটি হাত ক্ষতিগ্রস্ত এমন প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: মেকানিক্যাল বা ইলেক্ট্রিক্যাল বা মেকাট্রনিক্স বা ইন্ডাস্ট্রিয়াল বা প্রোডাকশন বা অটোমোবাইল বা ম্যানুফ্যাকচারিং বা ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন বা ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ে ৬০ শতাংশ নম্বর-সহ স্নাতক। মেডিক্যাল স্ট্যান্ডার্ড: এ-৩ মানের হতে হবে।

বয়স: ১-১-২০২১ তারিখে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৫০,০০০-১,৬০,০০০ টাকা।

পোস্ট কোড ২১: **এক্সিকিউটিভ (সিভিল)**: শূন্যপদ ৭৩টি (সাধারণ ৩২, তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ৮, ও বি সি ১৬, আর্থিক ভাবে অনগ্রসর ৬)। এর মধ্যে প্রাক্তন সমরকর্মীদের জন্য ৯টি শূন্যপদ এবং একটি হাত ক্ষতিগ্রস্ত এমন প্রতিবন্ধী প্রার্থীদের জন্য ৩টি শূন্যপদ সংরক্ষিত হবে। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ সিভিল বা সিভিল (ট্রান্সপোর্টেশন) বা সিভিল (কনস্ট্রাকশন টেকনোলজি) বা সিভিল (পাবলিক হেলথ) বা সিভিল (ওয়াটার রিসোর্স) ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বছরের ডিপ্লোমা। মেডিক্যাল স্ট্যান্ডার্ড: এ-৩ মানের হতে হবে।

পোস্ট কোড ২২: **এক্সিকিউটিভ (ইলেক্ট্রিক্যাল)**: শূন্যপদ ৪২টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১২, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। এর মধ্যে প্রাক্তন সমরকর্মীদের জন্য ৫টি এবং একটি হাত ক্ষতিগ্রস্ত এমন প্রতিবন্ধী প্রার্থীদের জন্য ২টি শূন্যপদ সংরক্ষিত হবে। শিক্ষাগত যোগ্যতা: ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, পাওয়ার সাপ্লাই, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, ইন্ডাস্ট্রিয়াল ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক ইনস্ট্রুমেন্টেশন, অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স, ডিজিটাল ইলেক্ট্রনিক্স এবং পাওয়ার ইলেক্ট্রনিক্সের মধ্যে যে-কোনও একটি শাখায় মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ ৩ বছরের ডিপ্লোমা। মেডিক্যাল স্ট্যান্ডার্ড: এ-৩ মানের হতে হবে।

পোস্ট কোড ২৩: **এক্সিকিউটিভ (সিগনাল অ্যান্ড টেলিকমিউনিকেশন)**: শূন্যপদ ৮৭টি (সাধারণ ৩৫, তফসিলি জাতি ১২, তফসিলি উপজাতি ৮, ও বি সি ২৪, আর্থিক ভাবে অনগ্রসর ৮)। এর মধ্যে প্রাক্তন সমরকর্মীদের জন্য ১১টি এবং একটি হাত ক্ষতিগ্রস্ত এমন প্রতিবন্ধী প্রার্থীদের জন্য ৮টি শূন্যপদ সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ নির্দিষ্ট বিভিন্ন ইঞ্জিনিয়ারিং শাখার কোনও একটিতে ৩ বছরের ডিপ্লোমা। শাখাগুলি হল: ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, মাইক্রোপ্রসেসর, টিভি ইঞ্জিনিয়ারিং, ফাইবার অপটিক কমিউনিকেশন, টেলিকমিউনিকেশন, কমিউনিকেশন, সাউন্ড অ্যান্ড টিভি ইঞ্জিনিয়ারিং, ইন্ডাস্ট্রিয়াল কন্ট্রোল, ইলেক্ট্রনিক ইনস্ট্রুমেন্টেশন, ইন্ডাস্ট্রিয়াল ইলেক্ট্রনিক্স, অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স, ডিজিটাল ইলেক্ট্রনিক্স, পাওয়ার ইলেক্ট্রনিক্স, কম্পিউটার অ্যাপ্লিকেশন, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স বা টেকনোলজি। মেডিক্যাল স্ট্যান্ডার্ড: এ-৩ মানের হতে হবে।

পোস্ট কোড ২৪: **এক্সিকিউটিভ (অপারেশনস অ্যান্ড বি ডি)**: শূন্যপদ ২৩৭টি (সাধারণ ৯৬, তফসিলি জাতি ৩৬, তফসিলি উপজাতি ১৭, ও বি সি ৬৫, আর্থিক ভাবে অনগ্রসর ২৩)। এর মধ্যে প্রাক্তন সমরকর্মীদের জন্য ৩৩টি এবং একটি হাত ক্ষতিগ্রস্ত এমন প্রতিবন্ধী প্রার্থীদের জন্য ১০টি শূন্যপদ সংরক্ষিত হবে। শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশ নম্বর-সহ স্নাতক। মেডিক্যাল স্ট্যান্ডার্ড: এ-২ মানের হতে হবে।

পোস্ট কোড ২৫: **এক্সিকিউটিভ (মেকানিক্যাল)**: ৩টি (সাধারণ)। এর মধ্যে ১টি শূন্যপদ একটি হাত ক্ষতিগ্রস্ত এমন প্রতিবন্ধী প্রার্থীর জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: মেকানিক্যাল বা ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রনিক্স বা ম্যানুফ্যাকচারিং বা মেকাট্রনিক্স বা প্রোডাকশন বা অটোমোবাইল বা ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিংয়ে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ ডিপ্লোমা। মেডিক্যাল স্ট্যান্ডার্ড: এ-৩ মানের হতে হবে।

বয়স: ১-১-২০২১ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৩০,০০০-১,২০,০০০ টাকা।

পোস্ট কোড ৩১: **জুনিয়র এক্সিকিউটিভ (ইলেক্ট্রিক্যাল)**: শূন্যপদ ১৩৫টি (সাধারণ ৫৭, তফসিলি জাতি ২২, তফসিলি উপজাতি ১১, ও বি সি ৩৪, আর্থিক ভাবে অনগ্রসর ১১)। এর মধ্যে ৬টি শূন্যপদ একটি হাত ক্ষতিগ্রস্ত এমন প্রতিবন্ধী প্রার্থীদের জন্য এবং ১৫টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত হবে। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সেইসঙ্গে নির্দিষ্ট বিভিন্ন ট্রেডের যে-কোনও একটিতে আই টি আই বা অ্যাক্ট অ্যাপ্রেন্টিসশিপ কোর্স পাশ। ট্রেডগুলি হল: ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রিশিয়ান, ওয়্যারম্যান। সব ক্ষেত্রেই অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। মেডিক্যাল স্ট্যান্ডার্ড: এ-২ মানের হতে হবে।

পোস্ট কোড ৩২: **জুনিয়র এক্সিকিউটিভ (সিগনাল অ্যান্ড টেলিকমিউনিকেশন)**: শূন্যপদ ১৪৭টি (সাধারণ ৬২, তফসিলি জাতি ২৩, তফসিলি উপজাতি ১২, ও বি সি ৩৭, আর্থিক ভাবে অনগ্রসর ১৩)। এর মধ্যে প্রাক্তন সমরকর্মীদের জন্য ১৮টি এবং একটি হাত ক্ষতিগ্রস্ত এমন প্রতিবন্ধী প্রার্থীদের জন্য ৭টি শূন্যপদ সংরক্ষিত হবে। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সেইসঙ্গে নির্দিষ্ট বিভিন্ন ট্রেডের যে-কোনও একটিতে ২ বছর মেয়াদের অ্যাক্ট অ্যাপ্রেন্টিসশিপ বা আই টি আই কোর্স পাশ। ট্রেডগুলি হল: ইলেক্ট্রনিক্স, কমিউনিকেশন, ইনফর্মেশন টেকনোলজি, টিভি অ্যান্ড রেডিও, ইলেক্ট্রনিক ইনস্ট্রুমেন্টেশন, ইন্ডাস্ট্রিয়াল ইলেক্ট্রনিক্স, অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স, ডিজিটাল ইলেক্ট্রনিক্স, পাওয়ার ইলেক্ট্রনিক্স, কম্পিউটার, কম্পিউটার নেটওয়ার্কিং, ডেটা নেটওয়ার্কিং। সব ক্ষেত্রেই ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। মেডিক্যাল স্ট্যান্ডার্ড: বি-১ মানের হতে হবে।

পোস্ট কোড ৩৩: **জুনিয়র এক্সিকিউটিভ (অপারেশন অ্যান্ড বি ডি)**: শূন্যপদ ২২৫টি (সাধারণ ৯০, তফসিলি জাতি ৩৪, তফসিলি উপজাতি ১৭, ও বি সি ৬১, আর্থিক ভাবে অনগ্রসর ২৩)। এর মধ্যে প্রাক্তন সমরকর্মীদের জন্য ৩৩টি এবং একটি হাত ক্ষতিগ্রস্ত এমন প্রতিবন্ধী প্রার্থীদের জন্য ৯টি শূন্যপদ সংরক্ষিত হবে। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সেইসঙ্গে যে-কোনও ট্রেডে ২ বছর মেয়াদের অ্যাক্ট অ্যাপ্রেন্টিসশিপ বা আই টি আই কোর্স পাশ। সব ক্ষেত্রেই ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। অথবা, যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। মেডিক্যাল স্ট্যান্ডার্ড: এ-২ মানের হতে হবে।

পোস্ট কোড ৩৪: **জুনিয়র এক্সিকিউটিভ (মেকানিক্যাল)**: শূন্যপদ ১৪টি (সাধারণ ৮, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে প্রাক্তন সমরকর্মীদের জন্য ২টি এবং একটি হাত ক্ষতিগ্রস্ত এমন প্রতিবন্ধী প্রার্থীর জন্য ১টি শূন্যপদ সংরক্ষিত হবে। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সেইসঙ্গে ফিটার বা ইলেক্ট্রিশিয়ান বা মোটর মেকানিক বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ে ২ বছর মেয়াদের অ্যাক্ট অ্যাপ্রেন্টিসশিপ বা আই টি আই কোর্স পাশ। সব ক্ষেত্রেই ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। মেডিক্যাল স্ট্যান্ডার্ড: বি-১ মানের হতে হবে।

বয়স: ১-১-২০২১ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ২৫,০০০-৬৮,০০০ টাকা।

সব ক্ষেত্রেই বয়সে তফসিলিরা ৫, ও বি সিরা ৩ বছরের ছাড় পাবেন। দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই হবে কম্পিউটারভিত্তিক পরীক্ষা, প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটারভিত্তিক অ্যাপ্টিটিউড টেস্ট এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। সবশেষে মেডিক্যাল টেস্ট হবে। সব পদের ক্ষেত্রেই কম্পিউটারভিত্তিক পরীক্ষার অন্যতম কেন্দ্র কলকাতা। পরীক্ষা জুনে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.dfccil.com. অনলাইন দরখাস্ত করা যাবে ২৩ মে পর্যন্ত।

পরীক্ষার ফি বাবদ অনলাইনে জমা দিতে হবে জুনিয়র এক্সিকিউটিভ পদের ক্ষেত্রে ৭০০ টাকা, এক্সিকিউটিভ পদের ক্ষেত্রে ৯০০ টাকা এবং জুনিয়র ম্যানেজার পদের ক্ষেত্রে ১,০০০ টাকা।

তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের কোনও ফি লাগবে না।

অনলাইনে ফি জমা দেওয়ার পর ই-রিসিপ্ট এবং দরখাস্ত সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি করে প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# স্বনির্ভর হওয়ার পথ দেখাচ্ছে সুন্দরিনী

*প্রথম পাতার পর*

ও ডিস্ট্রিবিউটরশিপ নেওয়া যায়। বর্তমানে ই-কমার্স সংস্থা আমাজনের মাধ্যমে সুন্দরিনী-র সামগ্রী কেনা যাচ্ছে।

এই সংস্থা পেয়েছে একাধিক দেশি-বিদেশি পুরস্কার। জয়নগরে ও কলকাতার রুবি হাসপাতালের কাছে সুন্দরিনী-র দু'টি প্ল্যান্ট গড়ে উঠেছে। রুবির প্ল্যান্টে মিষ্টি, পনির, দই ইত্যাদি তৈরি হয়। এখন এসবের সঙ্গে যুক্ত হয়েছে ডায়েট মিল্ক বা মাঠাতোলা দুধ এবং ডায়েট পনির বা মাঠাতোলা দুধ থেকে তৈরি পনির। আগামী মাস থেকে পাওয়া যাবে লস্যি। দুধ ও লস্যি উভয়ই কাচের বোতলে বিক্রি হয়। উৎপাদিত দ্রব্যের প্যাকেজিংয়ে প্লাস্টিক ব্যবহার করা হয় না। সুন্দরিনী-র বাকি পণ্য তৈরি হয় জয়নগরের প্ল্যান্টে। এর পাশাপাশি ২০১৫-য় ৩০০ জন মধু সংগ্রাহককে নিয়ে তৈরি হয়েছে মধু সমবায় সমিতি। দুধের মতোই মধু সংগ্রহ করে নিমপীঠে রামকৃষ্ণ মিশন আশ্রমে প্রক্রিয়াকরণ করা হচ্ছে।

## সুন্দরবন সমবায় সঙ্ঘ

পশ্চিমবঙ্গের প্রতিটি জেলাতেই প্রাণিসম্পদ বিকাশ দপ্তরের অধীনে দুগ্ধ সমবায় আছে। দক্ষিণ ২৪ পরগনায় 'সুন্দরবন দুগ্ধ ও প্রাণিসম্পদ উৎপাদক সমবায় সঙ্ঘ লিমিটেড' তেমনই একটি দুগ্ধ সমবায়। এর অধীনে গোটা জেলায় ছোট ছোট প্রাইমারি কো-অপারেটিভ সোসাইটি আছে।

২০১৫ থেকে ঠিক হয়, প্রাইমারি সোসাইটিগুলি মহিলাদের দ্বারা পরিচালিত হবে। কারণ গ্রামে মূলত মহিলারাই গরু-ছাগল পালন করেন। ক্রমে এই উদ্যোগ ছড়িয়ে পড়ে সুন্দরবনের প্রত্যন্ত গ্রামগুলিতে। বর্তমানে আটটি ব্লকে ৭০টি সমবায় সমিতি আছে, সেখানে ৫,০০০ মহিলা কাজ করেন। পরিসংখ্যান বলছে, নতুন সমবায় সমিতি তৈরি হচ্ছে, কর্মীসংখ্যাও বাড়ছে। স্থানীয় ভাবে যাঁরা গরু-ছাগল প্রতিপালন করেন, তাঁদের কাছে বিরাট ভরসার জায়গা হয়ে উঠেছে এই সমবায় সমিতিগুলি।

বিশেষ করে বর্ষায় দুধের উৎপাদন বেশি হওয়ায় অতিরিক্ত দুধ তাঁদের ফেলে দিতে হতো, গোয়ালাদের কাছে কিংবা মিষ্টির দোকানে বিক্রি করে কখনওই ন্যায্যমূল্য পাওয়া যেত না। বর্তমানে সমবায় সমিতিগুলি তাঁদের থেকে দুধ কিনে নেওয়ায় সে সমস্যা মিটেছে। সমিতির তত্ত্বাবধানে গ্রামে নির্দিষ্ট জায়গায় দুধ সংগ্রহ করা হয়। দুধের মান পরীক্ষা করা হয়। দুধের দাম সরাসরি বিক্রেতাদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে পাঠিয়ে দেওয়া হয়।

২০১৭ সালে জৈব পদ্ধতিতে দুগ্ধ উৎপাদন করার কথা ভাবা হয়। সেই থেকে গরুর খাবার অর্থাৎ খড়, ডালের ভুসি, খোল ইত্যাদির জন্য শুরু হয় ধান, তৈলবীজ ও ডালের জৈব চাষ। দুধের মতো চাল-ডালও যাবতীয় প্রক্রিয়াকরণের পর বিক্রি হচ্ছে। এ ক্ষেত্রেও কৃষকদের টাকা ব্যাঙ্ক অ্যাকাউন্টে সরাসরি পাঠিয়ে দেওয়া হয়।

## নারী প্রগতিতে বড় পদক্ষেপ

সুন্দরিনী-র এমডি অম্বিকাপ্রসাদ মিশ্র জানালেন, নকল রং ছাড়াই, জৈব দুধ ও সালফার-হীন চিনি ব্যবহার করে সনাতন পদ্ধতিতে তৈরি করা হয় সুন্দরিনী-র মিষ্টি ও দই। এতে শরীরের কোনও ক্ষতি হয় না। তিনি আরও বলেন, গ্রামীণ পরিবারের গৃহবধূরাই প্রশিক্ষণ নিয়ে সমিতির যাবতীয় কাজ করেন। জৈব চাষের প্রশিক্ষণ নেওয়ার জন্য তাঁদের গুজরাত ও রাজস্থানের অর্গ্যানিক ফার্মে পাঠানো হয়। মহিলাদের প্রগতির ক্ষেত্রে এটা নিঃসন্দেহে বড় পদক্ষেপ।

২০১৮ ও ২০১৯ সালে সুন্দরিনী তার পণ্যের গুণমান রক্ষা ও মহিলাদের আর্থ-সামাজিক উন্নতির ক্ষেত্রে সহায়ক হয়ে ওঠার জন্য দু'টি জাতীয় ও একটি আন্তর্জাতিক মানের পুরস্কারও পেয়েছে। সুন্দরিনী-র কাজ এবং উৎপাদিত দ্রব্য সম্পর্কে যাবতীয় তথ্য পাওয়া যাবে এই সংস্থার এই ওয়েবসাইটে: www.sundarini.organic

সুন্দরিনী-র সব প্রোডাক্টই অর্গ্যানিক হওয়ায় ক্রেতার কাছে চাহিদা বাড়ছে। সুন্দরিনী-র নিজস্ব অ্যাপ আছে। এর মাধ্যমে সুন্দরিনী-র খাবারদাবার কেনা যায়। অ্যাপে এবং ওয়েবসাইটে ফ্র্যাঞ্চাইজি নেওয়ার বিষয়েও যাবতীয় তথ্য বিশদে দেওয়া আছে।

## বিপণনের ব্যবসা

এসময় সুন্দরিনী-র ফ্র্যাঞ্চাইজি নেওয়া বা ডিস্ট্রিবিউটর হওয়া বেশ লাভজনক। ফ্র্যাঞ্চাইজি, ডিস্ট্রিবিউটরশিপ বা ডিলারশিপের জন্য যোগাযোগ করতে হবে এই নম্বরে: ৭৯০৮৩-৯৬৯৯৭। অথবা ই-মেল করতে পারেন এই ঠিকানায়: customarcare@sundarini.organic

## সমবায় স্থাপন

দক্ষিণ চব্বিশ পরগনার যেসব গ্রামে সুন্দরিনী-র সমবায় সমিতি নেই, সেখানে গ্রামের মহিলারা, বাড়িতে গরু, ছাগল, মোষ প্রতিপালন করলে একত্রিত হয়ে সমিতি খোলার আবেদন করতে পারেন। এর জন্য যোগাযোগ করতে হবে সুন্দরিনী-র জয়নগরের অফিসে। পরিস্থিতি উপযুক্ত মনে হলে সমিতির তরফে পরিকাঠামো তৈরি করে দেওয়া হবে।


## কর্মক্ষেত্র শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

### কর্মখালি

**বিনা ডোনেশনে স্থায়ী কাজ**
জেলাভিত্তিক কোম্পানি, ফ্যাক্টরি, অফিস, শপিংমল, শোরুম, Pvt. নার্সিং হোম, ব্যাঙ্ক (DSA), এয়ারপোর্টে কন্ট্রাক্টরের অধীনে কাজের জন্য কর্মী চাই। বেতন: (12,500/- – 19,500/-), M. J. S, Kol-9. (M): 86531-45537.

□

**জাহাজে ও ডকে চাকরি**
পঃবাংলার বিভিন্ন জেলায় কন্ট্রাক্টরের অধীনে কর্মপ্রার্থীদের বিভিন্ন পদে ও বিভিন্ন বেতনে, বিভিন্ন জায়গায়, নিয়োগ করানো হচ্ছে। বেতন: 16,570/- – 48,500/-, বয়স: 18-38, থাকা খাওয়া-সহ সবরকম সুবিধা থাকবে। M: 95936-60775. Y. J. L. P. S, Kol-56.

□

**এয়ারপোর্ট ও মেট্রোতে জব**
Govt. Reg. No: 2983 বিনা ডোনেশনে Airport ও ব্যাঙ্কে কন্ট্রাক্টরের অধীনে M/F কর্মী চাই। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 18,300/- – 42,700/-, থাকা খাওয়া ফ্রী। S. C, G. C. Kol-59. M: 83709-56460.

□

**জেলাভিত্তিক স্থায়ী চাকরি**
পশ্চিমবঙ্গের প্রতিটি জেলায় Pvt. ব্যাঙ্ক, NC, MNC, Pvt. Ltd. Co., ATM ও টাওয়ার Co, Pvt. স্বাস্থ্যকেন্দ্র অফিসিয়াল ও অন্যান্য পদে M/F নিয়োগ। বেতন: 12,500/- – 23,700/-, R. J. S. Kol-9, (M): 93303-01682.

□

**এক ফোনে চাকরি**
সম্পূর্ণ বিনা ডোনেশনে Airport ও ব্যাঙ্কে কন্ট্রাক্টরের অধীনে M/F কর্মী চাই। যোগ্যতা: ৮ম-স্নাতক, বেতন: 16,700/- – 47,300/-, থাকা-খাওয়া ফ্রী। S. J. S, P. S, Kol-56. (M): 83709-79937.

□

**Airport ও Metro-তে ২১৫ জন মহিলা ও পুরুষ চাই**
লাইসেন্স নং: **WB/829/SI** বেতন: 16,500/- – 38,200/-. Tag বয়, ট্রলি বয়, SV, চেকিং, লোডার, Cargo, ড্রাইভার, Road কন্ট্রাকশন, ইলেক্ট্রিক্যাল মেন্টেন্যান্স পদে কন্ট্রাক্টরের অধীনে বিনা ডোনেশনে নিয়োগ। ESI, PF-সহ থাকা ও খাওয়ার সুব্যবস্থা। R. P, বাগুইআটি, Kol-59, (M): 96745-71634.

□

**NGO requires certified Librarian** for Training Programme. Apply with CV within 15 days. mail@iicpindia.org Indian Institute of Cerebral Palsy, P-35/1 Taratolla Road, Kolkata-700 088.

□

### কর্মখালি

**SBI/HDFC** ব্যাঙ্কিং প্রসেসে স্মার্ট বাংলাভাষী M/F, 18-34 সরাসরি নিয়োগ। বেতন: 12,637/- – 37,650/-, W2C, Kol-59. 90513-83837/83348-59516

□

**এয়ারপোর্ট ও ব্যাঙ্কে জব**
সম্পূর্ণ বিনা ডোনেশনে Airport ও ব্যাঙ্কে কন্ট্রাক্টরের অধীনে M/F কর্মী চাই। যোগ্যতা: ৮ম/স্নাতক। বেতন: 18,300/- – 43,500/-, থাকা খাওয়া ফ্রী। N. D, C. Avenue, Kol-07, (M): 83709-73452.

□

**মহিলা ও পুরুষ নিয়োগ**
কলকাতা Airport ও মেট্রোতে কন্ট্রাক্টরের অধীনে 217 জনকে চেকিং, ট্রলিবয়, ইনচার্জ, প্যাকিং-এ ও অন্যান্য পদে (৮ম-স্নাতক) নিয়োগ। বেতন: 16,200/- – 36,700/-, ESI, PF-সহ থাকা খাওয়া ফ্রী। 89021-07294, A. P, দমদম, Kol-59.

### স্কুল-কলেজ শিক্ষা

**টিচার্স ট্রেনিং**
প্রি-প্রাইমারী, প্রাইমারী ও মন্তেস্বরী টিচার্স ট্রেনিং-এ ভর্তি চলছে। Approved by B.S.S Govt. of India & IAO (USA). Placement Assistance. কবিগুরুপাঠভবন, শ্যামবাজার, টালিগঞ্জ, হাওড়া: 98308-15220 / 90510-74736.

□

**প্রাইমারি টিচার্স ট্রেনিং (1/2 বছর)**
**ANM নার্সিং ট্রেনিং (2 বছর)**
**ফিজিওথেরাপি ট্রেনিং (1/2 বছর)**
কোর্সে ভর্তি চলছে। **App. by BSS &** NSDC Govt. of India. চাকরির বিশেষ সুযোগ। Global Technical Institute, বেলেঘাটা-ফুলবাগান: 92315-51285 / 92301-13485.

□

**Retd. W. B. Assembly Reporter** (for 29 years) and former SSC Passage Reader (for 10 years) imparts online training in unique methods of raising high speeds in English Shorthand. Interested Candidates must have completed the Shorthand Text Book. Uday Ghosh: 83358-75190. uday17ghosh@gmail.com Baisakhi, 2 Dr. Daudar Rahaman Road, Kol-33.

কর্মক্ষেত্রর আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ৩০ এপ্রিল দুপুর ২টো পর্যন্ত।

□□□

১২ মের কর্মক্ষেত্রর জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ৮ মে দুপুর ২টো পর্যন্ত।

**DISCLAIMER**
**SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.**

# ব্যাঙ্ক অব বরোদায় ৪৫৭ ম্যানেজার

সিনিয়র রিলেশনশিপ ম্যানেজার এবং ই-ওয়েলথ রিলেশনশিপ ম্যানেজার পদে ৪৫৭ জনকে নেবে ব্যাঙ্ক অব বরোদা। প্রাথমিক ভাবে ৫ বছরের চুক্তিতে নিয়োগ করা হবে ওয়েলথ ম্যানেজমেন্ট সার্ভিসেস বিভাগে, দেশের বিভিন্ন শহরে। প্রয়োজন অনুসারে চুক্তির মেয়াদ বাড়ানো হতে পারে।

**শূন্যপদের বিবরণ: সিনিয়র রিলেশনশিপ ম্যানেজার:** ৪০৭টি (সাধারণ ১৬৫, তফসিলি জাতি ৬১, তফসিলি উপজাতি ৩০, ও বি সি ১১০, আর্থিক ভাবে অনগ্রসর ৪১)। এর মধ্যে ৪টি করে শূন্যপদ দৃষ্টি, শ্রবণ, অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী এবং বৌদ্ধিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। নিয়োগস্থল অনুসারে শূন্যপদ: কলকাতা ২৫, আমেদাবাদ ৩০, এলাহাবাদ ৬, আনন্দ ৪, বরেলি ৩, বেঙ্গালুরু ২৫, ভোপাল ৩, চণ্ডিগড় ২, চেন্নাই ১৫, কোয়েম্বাটুর ৩, নিউ দিল্লি ৪০, গুরগাঁও ৩, হায়দরাবাদ ১৮, ইন্দোর ৩, জয়পুর ১৪, যোধপুর ৩, জলন্ধর ৩, কানপুর ৮, লখনউ ১৫, লুধিয়ানা ২, মুম্বই ৮৯, ম্যাঙ্গালুরু ৫, নাগপুর ৫, পুণে ২০, রাজকোট ৭, সুরাট ২০, উদয়পুর ৩, ভদোদরা ২৫, বেনারস ৭, বিশাখাপত্তনম ১।

**ই-ওয়েলথ রিলেশনশিপ ম্যানেজার:** ৫০টি (সাধারণ ২২, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১৩, আর্থিক ভাবে অনগ্রসর ৫)। এর মধ্যে ১টি করে শূন্যপদ দৃষ্টি এবং অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। নিয়োগ করা হবে মুম্বইয়ে।

**শিক্ষাগত যোগ্যতা:** স্নাতক। ম্যানেজমেন্টে ২ বছর মেয়াদের স্নাতকোত্তর ডিগ্রি বা ডিপ্লোমা এবং এন আই এস এম বা আই আর ডি এ কর্তৃক প্রদত্ত রেগুলেটরি সার্টিফিকেট থাকলে অগ্রাধিকার। ১-৪-২০২১ তারিখ অনুসারে কোনও আর্থিক সংস্থায়, ওয়েলথ ম্যানেজমেন্ট বিভাগে, রিলেশনশিপ ম্যানেজার হিসেবে সিনিয়র পদের ক্ষেত্রে ৩ বছরের এবং ই-ওয়েলথ ম্যানেজার পদের ক্ষেত্রে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। ই-ওয়েলথ ম্যানেজারের ক্ষেত্রে ডিজিটাল মাধ্যমে হাই ভ্যালু ফিনান্সিয়াল প্রোডাক্টের সেলস বা সার্ভিস-সংক্রান্ত কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকলেও চলবে। সিনিয়র রিলেশনশিপ ম্যানেজার পদের ক্ষেত্রে সংশ্লিষ্ট শহর ও স্থানীয় ভাষা বিষয়ে জ্ঞান থাকতে হবে।

সব ক্ষেত্রেই অন্তত ৬০ শতাংশ (তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে।

বয়স: ১-৪-২০২১ তারিখে সিনিয়র রিলেশনশিপ ম্যানেজার পদের ক্ষেত্রে ২৪ থেকে ৩৫ বছর এবং ই-ওয়েলথ রিলেশনশিপ ম্যানেজার পদের ক্ষেত্রে ২৩ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রাথমিক ভাবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে গ্রুপ ডিসকাশন এবং পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bankofbaroda.co.in অনলাইন দরখাস্ত করা যাবে ২৯ এপ্রিল পর্যন্ত। অনলাইন আবেদনের সময় প্রার্থীর পাসপোর্ট মাপের রঙিন ফটো (সাদা বা হালকা রঙের ব্যাকগ্রাউন্ডে, জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ২০০×২৩০ পিক্সেল ডাইমেনশনে ২০-২০০ কেবি সাইজের মধ্যে), কালো কালিতে করা সই (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ১৪০×৬০ পিক্সেল ডাইমেনশনে ১০-২০০ কেবি সাইজের মধ্যে), পি ডি এফ ফর্ম্যাটে স্ক্যান করা জন্ম শংসাপত্র, শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্র, কাজের অভিজ্ঞতার সার্টিফিকেট, প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট এবং ও বি সি সার্টিফিকেট, দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট, স্যালারি স্লিপ (ফেব্রুয়ারি/মার্চ-২০২১) আপলোড করতে হবে। অনলাইন দরখাস্ত করার সময় রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাওয়া যাবে। এগুলি লিখে রাখবেন। পরে কাজে লাগবে।

ফি বাবদ দিতে হবে ৬০০ টাকা (মহিলা, তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১০০ টাকা)। জি এস টি এবং ট্রানজাকশন চার্জ অতিরিক্ত। অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

অনলাইনে দরখাস্ত সাবমিটের পর পূরণ করা দরখাস্তেরও এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। প্রিন্ট আউট ইন্টারভিউয়ের সময় সঙ্গে নিয়ে যেতে হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# রুরকি আই আই টিতে ১২২

*প্রথম পাতার পর*

অফিস অ্যাপ্লিকেশন এবং সেক্রেটারিয়েট প্র্যাকটিস বিষয়ে জ্ঞান থাকতে হবে। বয়স: ১৮ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা।

**জুনিয়র ল্যাব অ্যাসিস্ট্যান্ট (গ্রুপ সি):** ৫২টি (সাধারণ ২০, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৭, আর্থিক ভাবে অনগ্রসর ৫)। এর মধ্যে ২টি শূন্যপদ প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত হবে। শিক্ষাগত যোগ্যতা: বি এসসি, স্নাতকে ফিজিক্স, কেমিস্ট্রি এবং ম্যাথমেটিক্স বা কম্পিউটার সায়েন্স পড়ে থাকতে হবে অথবা বি সি এ অথবা ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছর মেয়াদের ডিপ্লোমা। কম্পিউটার অ্যাপ্লিকেশন জানতে হবে। বয়স: ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ২১,৭০০-৬৯,১০০ টাকা।

**জুনিয়র অ্যাসিস্ট্যান্ট (গ্রুপ সি):** ৩৯টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১১, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। এর মধ্যে ২টি শূন্যপদ প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, সঙ্গে কম্পিউটারে অফিস অ্যাপ্লিকেশন জানতে হবে। বয়স: ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ২১,৭০০-৬৯,১০০ টাকা।

সব ক্ষেত্রেই ১১-৫-২০২১ তারিখে নির্দিষ্ট বয়স থাকতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://www.iitr.ac.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। দরখাস্তের শেষ তারিখ ১১ মে।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ২৫০ টাকা। মহিলা, তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

অনলাইনে দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন। পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। প্রিন্ট আউটগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

প্রার্থী বাছাই পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ভারত ইলেক্ট্রনিক্সে ২৬৮

*প্রথম পাতার পর*

প্রাথমিক ভাবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নিয়োগ করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://bel-india.in দরখাস্তের শেষ তারিখ ৫ মে। দরখাস্তের সময় স্ক্যান করে আপলোড করতে হবে এই সব নথি— পাসপোর্ট মাপের ফটো ও সই, বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্র, প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট, ও বি সি, দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট, আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেট, কাজের অভিজ্ঞতার সার্টিফিকেট।

ফি বাবদ স্টেট ব্যাঙ্ক কালেক্টের মাধ্যমে দিতে হবে ৫০০ টাকা। তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না। ফি দেওয়া যাবে অনলাইন-অফলাইন উভয় ভাবেই। অফলাইনে ফি দিতে চাইলে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার চালান ডাউনলোড করে নেবেন উপরোক্ত ওয়েবসাইট থেকে। অনলাইনে ফি দিলে ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

অনলাইনে দরখাস্ত যথাযথ ভাবে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাজে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরগুলিতে: ০৮০-২২১৯-৫৬২৯, ৮৮৬৬৬-৭৮৫৪৯, ৮৮৬৬৬-৭৮৫৫৯।

# ভাবা অ্যাটমিক রিসার্চ সেন্টারে রিসার্চ অ্যাসোসিয়েট

৩১ জন রিসার্চ অ্যাসোসিয়েট নেবে ভাবা অ্যাটমিক রিসার্চ সেন্টার। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর 2/2021 (R-V).

প্রার্থীর সম্পূর্ণ জীবনপঞ্জি, প্রয়োজনীয় নথিপত্রের নকল-সহ আবেদনপত্র ১০ মে-র মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: Deputy Establishment Officer, Recruitment-V, Central Complex, BARC, Trombay, Mumbai-400085. খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.barc.gov.in

# ভারতীয় সেনাবাহিনীতে দন্ত চিকিৎসক

৩৭ জন দন্ত চিকিৎসক নেবে ভারতীয় সেনাবাহিনী। শর্ট সার্ভিস কমিশনে আর্মি ডেন্টাল ক্যরে নিয়োগ করা হবে। যাঁরা নিট (এম ডি এস)-২০২১ পরীক্ষায় অংশগ্রহণ করেছিলেন তাঁরাই আবেদন করতে পারবেন।

**আবেদনের যোগ্যতা:** বি ডি এস বা এম ডি এস পাশ, সঙ্গে ৩১-৩-২০২১ তারিখের মধ্যে কম্পালসরি রোটেটরি ইন্টার্নশিপ সম্পূর্ণ করে থাকতে হবে। এর পাশাপাশি অন্তত ৩১-১২-২০২১ তারিখ পর্যন্ত বৈধ পার্মানেন্ট ডেন্টাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট থাকতে হবে।

বি ডি এস পাশ প্রার্থীদের ক্ষেত্রে ফাইনাল ইয়ারে অন্তত ৫৫ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

**বয়স:** ৩১-১২-২০২১ তারিখে ৪৫ বছরের মধ্যে হতে হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindianarmy.nic.in দরখাস্তের শেষ তারিখ ১৮ মে।

বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ভারতীয় নৌবাহিনীতে ২৫০০

*প্রথম পাতার পর*

সার্টিফিকেট (থাকলে) আপলোড করতে হবে। যথাযথ ভাবে অনলাইন দরখাস্ত পূরণ করে 'Submit' করুন। সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন।

খুঁটিনাটি তথ্য জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# রাইটস লিমিটেডে ১৪৬ অ্যাপ্রেন্টিস

*প্রথম পাতার পর*

থাকলে আবেদন করবেন না।

প্রথমে অ্যাপ্রেন্টিস হিসেবে রেজিস্ট্রেশন করতে হবে ইঞ্জিনিয়ারিং গ্র্যাজুয়েট ও ডিপ্লোমা পাশ প্রার্থীদের ক্ষেত্রে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.mhrdnats. gov.in ও নন-ইঞ্জিনিয়ারিং এবং ট্রেড অ্যাপ্রেন্টিসদের ক্ষেত্রে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.apprenticeshipindia.org

রেজিস্ট্রেশনের পর একটি অনলাইন ফর্ম পূরণ করতে হবে এই লিংকের মাধ্যমে: https://forms.gle/vQk548kzhQKyARxZA এরপর অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিংয়ের জন্য আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করতে হবে এই ওয়েবসাইট থেকে: https://rites.com.আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে প্রার্থীর পাসপোর্ট মাপের স্বপ্রত্যয়িত ফটো সেঁটে দেবেন। রেজিস্ট্রেশনের পর ১২ মে-র মধ্যে একটিই মাত্র পি ডি এফ ফাইলে ই-মেল করতে হবে এইসব নথি: পূরণ করা আবেদনপত্র, বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্র, আধার কার্ড বা ভোটার আই ডি বা ড্রাইভিং লাইসেন্স, প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট সার্টিফিকেট, ও বি সি সার্টিফিকেট, দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট, আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেট। ই-মেল করতে হবে এই ঠিকানায়: ritesapprenticerecruitment2021@gmail.com.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: https://rites.com.

# নর্দার্ন কোলফিল্ডসে মেডিক্যাল এক্সিকিউটিভ

৪৮ জন মেডিক্যাল এক্সিকিউটিভ নেবে নর্দার্ন কোলফিল্ডস। মধ্যপ্রদেশের সিংগ্রাউলিতে সংস্থার বিভিন্ন হাসপাতাল ও ডিসপেন্সারিতে জেনারেল ডিউটি মেডিক্যাল অফিসার ও মেডিক্যাল স্পেশ্যালিস্ট পদে প্রার্থীদের নিয়োগ করা হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: NCL/HQ/PD/Manpower/DR/2021-22/1080.

**শূন্যপদের বিন্যাস: জেনারেল ডিউটি মেডিক্যাল অফিসার (ই-থ্রি গ্রেড):** শূন্যপদ ২৮টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। **শিক্ষাগত যোগ্যতা:** মেডিক্যাল কাউন্সিল অব ইন্ডিয়া কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান থেকে এম বি বি এস। **বয়স:** ১০-৪-২০২১ তারিখে ৩৫ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ৬০,০০০-১,৮০,০০০ টাকা।

**মেডিক্যাল স্পেশ্যালিস্ট (ই-থ্রি ও ই-ফোর গ্রেড):** শূন্যপদ ২০টি (সাধারণ ৭, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ২)। **শিক্ষাগত যোগ্যতা:** জেনারেল সার্জারি, জেনারেল মেডিসিন এবং পালমোনারি মেডিসিনের ক্ষেত্রে মেডিক্যাল কাউন্সিল অব ইন্ডিয়া কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান থেকে এম বি বি এস। সেই সঙ্গে সিনিয়র মেডিক্যাল স্পেশ্যালিস্ট (ই-ফোর গ্রেড) পদের ক্ষেত্রে ৩ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক। অন্যান্য স্পেশ্যালিস্টের (ই-থ্রি গ্রেড) ক্ষেত্রে অতিরিক্ত পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা থাকতে হবে। **বয়স:** ১০-৪-২০২১ তারিখে ই-ফোর গ্রেডের ক্ষেত্রে ৪২ বছর এবং ই-থ্রি গ্রেডের ক্ষেত্রে ৩৫ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ই-ফোর গ্রেডের ক্ষেত্রে ৭০,০০০-২,০০,০০০ টাকা এবং ই-থ্রি গ্রেডের ক্ষেত্রে ৬০,০০০-১,৮০,০০০ টাকা।

বয়সের ক্ষেত্রে সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান পাবেন এই ওয়েবসাইটে: www.nclcil.in প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল-সহ পূরণ করা দরখাস্ত ৩০ এপ্রিলের মধ্যে স্পিড পোস্টে পৌঁছতে হবে এই ঠিকানায়: The office of General Manager (Personnel/Recruitment), Manpower & Recruitment Department, NCL HQ, Singrauli, Madhya Pradesh -486889.

খুঁটিনাটি জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# সেইলে চিকিৎসক

৪৬ জন মেডিক্যাল অফিসার এবং মেডিক্যাল স্পেশ্যালিস্ট নেবে স্টিল অথরিটি অব ইন্ডিয়া (সেইল)। নিয়োগ করা হবে ঝাড়খণ্ড, ওড়িশা এবং মধ্যপ্রদেশের র মেটিরিয়ালস ডিভিশন মাইনে। মেডিক্যাল অফিসার নিয়োগ করা হবে ডেন্টাল, ওবেসিটি হাইপোভেন্টিলেশন সিনড্রোম (ও এইচ এস), জেনারেল ডিউটি বিভাগে এবং মেডিক্যাল স্পেশ্যালিস্ট নিয়োগ করা হবে মেডিসিন, সার্জারি, ই এন টি, ডার্মাটোলজি, অবস্টেট্রিক্স অ্যান্ড গাইনিকোলজি, অর্থোপেডিক্স, অপথ্যালমোলজি, প্যাথোলজি, পেডিয়াট্রিক্স, সাইকিয়াট্রি, অ্যানেস্থেশিয়া বিভাগে। প্রথমে এক বছরের ট্রেনিং, তার পর এক বছরের প্রবেশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: RMD/K/PERS/F-13/2021/446.

**মেডিক্যাল অফিসার (ডেন্টাল):** শূন্যপদ ২টি। **শিক্ষাগত যোগ্যতা:** বি ডি এস ডিগ্রি-সহ এক বছরের অভিজ্ঞতা।

**মেডিক্যাল অফিসার (ও এইচ এস):** শূন্যপদ ৭টি। **শিক্ষাগত যোগ্যতা:** এম বি বি এস-সহ ইন্ডাস্ট্রিয়াল বা অকুপেশনাল হেল্‌থ বিষয়ে ডিগ্রি বা ডিপ্লোমা। ইন্ডাস্ট্রিয়াল হেলথে অ্যাসোসিয়েট ফেলোশিপ থাকলেও আবেদন করা যাবে। সেই সঙ্গে সংশ্লিষ্ট কাজে এক বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**মেডিক্যাল অফিসার (জি ডি এম ও):** শূন্যপদ ১৭টি। **শিক্ষাগত যোগ্যতা:** এম বি বি এস ডিগ্রি-সহ এক বছরের কাজের অভিজ্ঞতা।

**মেডিক্যাল স্পেশ্যালিস্ট:** শূন্যপদ ২০টি। **শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট শাখায় পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি বা ডি এন বি। সেই সঙ্গে তিন বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

**বয়স:** ৩০-৪-২০২১ তারিখে মেডিক্যাল অফিসার পদের ক্ষেত্রে ৩৪ বছর এবং মেডিক্যাল স্পেশ্যালিস্ট পদের ক্ষেত্রে ৪১ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান পাবেন এই ওয়েবসাইটে: www.sail.co.in পূরণ করবেন যথাযথ ভাবে। ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফি দিতে লাগবে না। এস বি আই চালানের মাধ্যমে 'SAIL-RMD'-র অনুকূলে ফি জমা দিতে হবে এই পাওয়ার জ্যোতি অ্যাকাউন্ট নম্বরে: 32469839252 (SBI, CAG Branch, Kolkata). ফি জমা দেওয়া যাবে ৩০ এপ্রিল পর্যন্ত।

৭ মে-র মধ্যে স্পিড পোস্ট বা রেজিস্টার্ড ডাকে দরখাস্ত পৌঁছতে হবে এই ঠিকানায়: DGM[Pers], Raw Materials Division, Steel Authority of India Ltd., 6th Floor, Industry House Building, 10 Camac Street, Kolkata-700 017 [West Bengal]

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# কেন্দ্রীয় শিক্ষা দপ্তরে ৩৬৩ প্রিন্সিপাল

*প্রথম পাতার পর*

মহিলা ১৬)। এর মধ্যে ১৫টি শূন্যপদ (পুরুষ ৮, মহিলা ৭) দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.upsconline.nic.in আবেদনের শেষ তারিখ ১৩ মে। বিশদ জানতে আগ্রহীরা নজর রাখুন এই ওয়েবসাইটে: www.upsc.gov.in

# কারেন্ট অ্যাফেয়ার্স

১ এপ্রিল-১১ এপ্রিল

**১ এপ্রিল** লিঙ্গ-বৈষম্যের সমীক্ষায় আরও পিছিয়ে গেল ভারত। ওয়র্ল্ড ইকনমিক ফোরাম লিঙ্গ-ব্যবধানের যে আন্তর্জাতিক সমীক্ষা প্রকাশ করেছে, তাতে ভারতের স্থান ২৮ ধাপ নেমে ১৫৬-র মধ্যে ১৪০-এ দাঁড়িয়েছে। কংগ্রেস নেতা রাহুল গান্ধী টুইট করে অভিযোগ করেছেন, সঙ্ঘের মানসিকতা অনুসরণ করেই মহিলাদের দুর্বল করা হচ্ছে। প্রতিবেশী দেশগুলির মধ্যে বাংলাদেশ, মায়ানমার, শ্রীলঙ্কা, নেপাল সকলেই ভারতের থেকে এগিয়ে রয়েছে।

**একদিন আগেই স্বল্প সঞ্চয়ে বিপুল হারে** সুদ কমানোর যে ঘোষণা করেছিল কেন্দ্র, এ দিন সকালেই অর্থমন্ত্রী নির্মলা সীতারামন টুইট করে জানালেন, সুদ আপাতত কমছে না। যদিও বিরোধীদের বক্তব্য, বাংলা, অসম-সহ পাঁচ রাজ্যে ভোট-বাক্সে প্রভাব পড়বে আঁচ করেই তড়িঘড়ি নির্দেশিকা প্রত্যাহারের পথে হাঁটল কেন্দ্র। যদিও ভোট মিটলেই স্বল্প সঞ্চয়ে সুদ ছাঁটাই করবে বলে আগাম আশঙ্কার কথা জানিয়েছে বিরোধীরা।

## ২০৩৬ পর্যন্ত রাশিয়ার প্রেসিডেন্ট থাকবেন পুতিন




**৫ এপ্রিল:** নিজের ক্ষমতায় থাকার মেয়াদ আরও বাড়াতে নতুন আইনে স্বাক্ষর করলেন রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। এই আইনের জোরে দু'দফায় ৬ বছর করে মোট ১২ বছর, ২০৩৬ সাল পর্যন্ত রাশিয়ার সর্বোচ্চ পদে থাকবেন তিনি। গতবছরই সংসদে সংখ্যার জোরে এই আইনটি পাশ করিয়েছিলেন তিনি। ইতিমধ্যেই টানা দু'দশকেরও বেশি সময় ধরে শাসনক্ষমতা নিজের হাতেই রেখেছেন প্রেসিডেন্ট পুতিন। কখনও দেশের প্রেসিডেন্ট হিসেবে থেকে তো কখনও আইন বদলে নিজের ঘনিষ্ঠকে প্রেসিডেন্ট পদে বসিয়ে নিজে প্রধানমন্ত্রী হয়ে ক্ষমতা ধরে রেখেছেন। ফের আইন বদলে নিজেকে বসিয়েছেন প্রেসিডেন্ট পদে।

**২ এপ্রিল** বিশ্বভারতীর প্রাক্তন উপাচার্য দিলীপ সিংহ (৮১) প্রয়াত হলেন। বার্ধক্যজনিত সমস্যায় ভুগছিলেন তিনি। ১৯৯৫ থেকে ২০০১ সাল পর্যন্ত তিনি বিশ্বভারতীর উপাচার্য পদে আসীন ছিলেন। পরে নিয়োগ-সংক্রান্ত দুর্নীতির মামলায় ২০১৯ সালে দিলীপবাবুকে দোষী সাব্যস্ত করে বোলপুর আদালত।

**৩ এপ্রিল** মায়ানমারে সেনা শাসন জারি হওয়ার দু-মাসের মধ্যে সেনার নির্বিচার দমন-পীড়নে বিরোধীদের মৃত্যুর সংখ্যা ৫৫০-এ পৌঁছল। এই নিহতের তালিকায় রয়েছে ৪৬টি শিশুও। মায়ানমারের এক মানবাধিকার সংগঠন এই তথ্য প্রকাশ করেছে। বিরোধী আন্দোলন দমন করতে গোটা দেশেই বেতার ইন্টারনেট পরিষেবাও বন্ধ করেছে জুন্টা। সেনার অত্যাচারে বহু মানুষ তাইল্যান্ডের পাশাপাশি ভারতেও পাড়ি দিচ্ছেন বলে আন্তর্জাতিক পর্যবেক্ষক সংগঠনগুলি দাবি করেছে। যার জেরে দুই দেশে শরণার্থী সমস্যা মাথাচাড়া দেওয়ার আশঙ্কা রয়েছে।

## দাদাসাহেব ফালকে সম্মান রজনীকান্তকে



**১ এপ্রিল:** সিনেমায় অসামান্য অবদানের জন্য দাদাসাহেব ফালকে পুরস্কার প্রাপক হিসেবে রজনীকান্ত-এর নাম ঘোষণা করল কেন্দ্র। উল্লেখ্য, ৭০ বছর বয়সি রজনীকান্তের জনপ্রিয়তা প্রশ্নাতীত। কেন্দ্রীয় মন্ত্রী প্রকাশ জাভড়েকর জানান, ৫০ বছর ধরে সিনেমায় কাজ করার স্বীকৃতি এই পুরস্কার। এর আগে পদ্মভূষণ এবং পদ্মবিভূষণে সম্মানিত হয়েছেন রজনীকান্ত। ৩ মে তাঁর হাতে দাদাসাহেব ফালকের সম্মান তুলে দেওয়া হবে।



“যারা এক দেশ, এক জাতি, এক দলের কথা বলে থাকে, তাদের আমলে কেন এক টিকার অনেক দাম হবে?”

**মমতা বন্দ্যোপাধ্যায়,** *পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী*
কোভিড প্রতিষেধক রাজ্য কিনলে এক দর, কেন্দ্র কিনলে আর এক দর কেন, সেই প্রশ্ন তুলে

**৪ এপ্রিল** ছত্তিশগড়ে মাওবাদী হামলায় ২২ সেনা জওয়ান নিহত হলেন। আহত হয়েছেন অন্তত ৩০ জন। জওয়ানদের কাছ থেকে ১২টিরও বেশি আধুনিক অস্ত্র লুঠ করেছে মাওবাদীরা। বাহিনীর দাবি, অন্তত ২৫-৩০ জন মাওবাদীও নিহত হয়েছে। তবে ঘটনাস্থল থেকে কেবল একজন মহিলা মাওবাদীর দেহই উদ্ধার হয়েছে। সুকমা-বিজাপুর সীমানার জাগারগুন্ডা-জোঙ্গাগুডা-তারেমেও অঞ্চলে মাওবাদী দমন অভিযানের সময়েই বাহিনীর উপর হামলা চালানো হয়।

**কয়লা ও গরু পাচার নিয়ে টানা দু'দিন** জিজ্ঞাসাবাদের পর বাঁকুড়া থানার ইনস্পেক্টর-ইনচার্জ (আইসি) অশোক মিশ্রকে গ্রেপ্তার করা হল। ওই দুই পাচার মামলায় কোনও থানার দায়িত্বে থাকা রাজ্য পুলিশের কোনও অফিসারকে এই প্রথম গ্রেপ্তার করা হল। তদন্তকারীদের বক্তব্য, ২০১৫ সালের পর থেকে কয়লা ও গরু পাচারে সাহায্য করার জন্য একা অশোকই নাকি প্রায় ১০০ কোটি টাকা পেয়েছিলেন।

**৫ এপ্রিল** ভারতীয় আবহাওয়া দপ্তর দাবি করল ১২১ বছরের মধ্যে তৃতীয় উষ্ণতম মার্চের সাক্ষী হল ২০২১। চলতি বছর মার্চে দেশের গড় সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২.৬৫ ডিগ্রি সেলসিয়াস। ২০১০-এর মার্চ ছিল উষ্ণতম। সে বার মার্চের গড় সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩.০৯ ডিগ্রি সেলসিয়াস। বিশ্ব উষ্ণায়ন এবং ব্যাপক হারে গাছপালা ধ্বংসের কারণেই তাপমাত্রা লাগামছাড়া, দাবি করেছেন পরিবেশ বিজ্ঞানীরা।

**৬ এপ্রিল** দেশের প্রধান বিচারপতি শরদ অরবিন্দ বোবডের স্থলাভিষিক্ত হচ্ছেন বিচারপতি এন ভি রমণা। এদিন তাঁকে পরবর্তী প্রধান বিচারপতি হিসেবে নিয়োগ করলেন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ। উল্লেখ্য, ২৩ এপ্রিল প্রধান বিচারপতি বোবডে অবসর নেবেন। ২৪ এপ্রিল থেকে দায়িত্বভার নেবেন বিচারপতি রমণা। অভিজ্ঞতার নিরিখেই নিজের উত্তরসূরি হিসেবে বিচারপতি রমণার নাম প্রস্তাব করেছিলেন প্রধান বিচারপতি বোবডে। প্রধান বিচারপতি হিসেবে রমণার কার্যকালের মেয়াদ থাকবে ২০২২-এর ২৬ অগস্ট পর্যন্ত।

**৭ এপ্রিল** চিনের হুমকির কাছে কোনওমতেই মাথা নোওয়ানো হবে না বলে গোটা বিশ্বের কাছে বার্তা দিল তাইওয়ান। এদিন রাজধানী তাইপেই-এ এক সাংবাদিক বৈঠকে তাইওয়ানের বিদেশমন্ত্রী জোসেফ উ স্পষ্ট জানিয়েছেন, চিন তাদের উপরে হামলা করলে শেষ পর্যন্ত লড়বেন তাঁরা। উল্লেখ্য, তাইওয়ানকে বরাবরই নিজেদের ভূখণ্ডের অংশ বলে দাবি করে বেজিং। কয়েক সপ্তাহ ধরে দ্বীপরাষ্ট্রের চারপাশে নৌ-মহড়াও চালাচ্ছে তারা। যদিও বরাবরই তাইওয়ানকে অস্ত্র দিয়ে সাহায্য করে আমেরিকা। বর্তমানেও জো বাইডেন প্রশাসন সেখানে সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছে।

## প্রয়াত প্রিন্স ফিলিপ



**৯ এপ্রিল:** লন্ডনের উইন্ডসর প্রাসাদে প্রয়াত হলেন রানি দ্বিতীয় এলিজাবেথের স্বামী প্রিন্স ফিলিপ (৯৯)। ৭৩ বছরের জীবনসঙ্গী স্বামী প্রিন্স ফিলিপের মৃত্যুর কথা ঘোষণা করেছেন রানি নিজেই। প্রিন্স ফিলিপকে শ্রদ্ধা জানিয়ে ব্রিটেনের প্রধানমন্ত্রী বরিস জনসন বলেছেন, ‘তরুণ প্রজন্মকে অনুপ্রাণিত করেছেন তিনি।’ এদিন থেকে ব্রিটেনে জাতীয় শোক ঘোষণা করা হয়েছে যা চলবে প্রিন্সের অন্ত্যেষ্টি পর্যন্ত। ১৯২১ সালের ১০ জুন গ্রিসের কর্ফু দ্বীপে ফিলিপের জন্ম। নিজেও ছিলেন গ্রিসের রাজপরিবারের সন্তান। ২০১৭ সালে ব্রিটিশ রাজপরিবারের রাজকীয় দায়িত্ব থেকে অব্যাহতি নেন তিনি।


**৮ এপ্রিল** গতবছর অক্টোবরে করোনা রুখতে বাংলায় যে ধরনের ব্যবস্থা চালু ছিল, কার্যত সেটাই ফিরিয়ে আনার সিদ্ধান্ত নিল রাজ্য সরকার। তারই অঙ্গ হিসেবে প্রথমেই সরকারি দপ্তরে হাজিরা কমিয়ে ৫০ শতাংশ করা হয়েছে। যে সব জেলায় ভোট শেষ হয়েছে, সংক্রমণ রুখতে সেখানে কড়া হতে বলা হয়েছে।

**২০৩০ সালের মধ্যে ভারত-সহ পরিবেশ** দূষণের তালিকায় শীর্ষে থাকা দেশগুলির কার্বন নিঃসরণ শূন্যে নামিয়ে আনা মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেনের লক্ষ্য বলে মার্কিন প্রশাসন সূত্রে জানানো হল। এদিন ভারতের বিদেশমন্ত্রকের মুখপাত্র অরিন্দম বাগচী আমেরিকার পরিবেশ বিষয়ক বিশেষ দূত জন কেরির সঙ্গে কথা বলতে গিয়ে জানিয়েছেন ভারতও এ বিষয়ে একমত। অরিন্দম জানান, দূষণহীন শক্তি, উপযুক্ত পরিকাঠামো, শক্তির ভাঁড়ার তৈরি করা এবং এই সব ক্ষেত্রে অর্থের স্থায়ী জোগানের প্রশ্নে একমত হয়েছে দু-দেশ।

**৯ এপ্রিল** মায়ানমারের জুন্টা সরকার দাবি করল সে দেশের মানুষ শান্তি চান, তাই যত দিন যাচ্ছে, সেনা-বিরোধী প্রতিবাদ বিক্ষোভের ধার কমে আসছে। উল্লেখ্য, গত ১ ফেব্রুয়ারি সেনা অভ্যুত্থানের পর থেকেই বিক্ষোভে উত্তাল মায়ানমার। সেনা-পুলিশের সঙ্গে সংঘর্ষে এখনও পর্যন্ত ৬১৪ জন বিক্ষোভকারীর মৃত্যু হয়েছে দেশে। যার মধ্যে রয়েছে ৪৮ জন শিশুও। নানা মামলায় বন্দি হয়েছেন প্রায় ২৮০০ বিক্ষোভকারী।

**মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের** নিরাপত্তা বলয়ের ওএসডি পদের এক অফিসার অশোক চক্রবর্তীকে সরিয়ে দিল রাজ্য সরকার। সরকারি সূত্রে খবর, নির্বাচন কমিশনের নির্দেশ মেনেই ওই অফিসারকে অপসারণ করা হয়েছে। প্রশাসনিক মহলের বক্তব্য, এই অপসারণের সঙ্গে নন্দীগ্রামে মুখ্যমন্ত্রীর আহত হওয়ার ঘটনার যোগসূত্র রয়েছে।

## বিশ্বের সর্বোচ্চ রেলসেতু জোড়ার কাজ শেষ



**৫ এপ্রিল:** জম্মু-কাশ্মীরে চন্দ্রভাগা নদীর উপরে বিশ্বের সর্বোচ্চ রেলসেতু জোড়ার কাজ শেষ হল। ধনুকের মতো দেখতে এই সেতুটি ৩৫৯ মিটার উঁচু। যা আইফেল টাওয়ারের থেকেও উচ্চতায় ৩৫ মিটার বেশি। ১.৩ কিলোমিটার দীর্ঘ সেতুটি নির্মাণে খরচ হয়েছে ১,৪৮৬ কোটি টাকা। সেতুটির নির্মাণ কাজ শেষ হতে আরও একবছর সময় লাগবে। এর ফলে কাশ্মীরের সঙ্গে রেলপথে গোটা দেশকে জুড়ে দেওয়া সম্ভব হবে।

**১০ এপ্রিল** কোচবিহারের শীতলখুচিতে চতুর্থ দফার ভোটে দুটি পৃথক জায়গায় গুলিতে মৃত্যু হল মোট পাঁচজনের। এঁদের মধ্যে চারজনের মৃত্যু হয়েছে ভোটে মোতায়েন কেন্দ্রীয় বাহিনীর গুলিতে। কেন্দ্রীয় বাহিনী এবং নির্বাচন কমিশনের পুলিশ পর্যবেক্ষকের তরফে জানানো হয় আত্মরক্ষা করতে গিয়েই বাহিনীকে গুলি চালাতে হয়। তবে কোন পরিস্থিতিতে কেন্দ্রীয় বাহিনী গুলি চালাল এবং চারজনের মৃত্যু হল তা নিয়ে প্রশ্ন উঠেছে।


**১৬ হাজার গ্রুপের অ্যাকাউন্ট ফেসবুক** বন্ধ করে দিয়েছে বলে জানাল ব্রিটেনের প্রতিযোগিতা নিয়ন্ত্রক কমপিটিশন অ্যান্ড মার্কেট অথরিটি (সিএমএ)। তাদের অভিযোগ, বিভিন্ন পণ্য এবং পরিষেবা সম্পর্কে ভুয়ো মতামত (রিভিউ) কেনাবেচায় যুক্ত ছিল তারা। এই নিয়ে দ্বিতীয়বার এমন পদক্ষেপ করতে হল সংস্থাটিকে। উল্লেখ্য, অর্থের বিনিময়ে ফেসবুকে কোনও পণ্যের বিষয়ে তথ্য দিয়ে উপভোক্তাদের ভুল পথে চালিত করে, এমন আরও বিজ্ঞাপন বা কনটেন্ট চিহ্নিত করে মুছে দিচ্ছে ফেসবুক। ব্রিটেনের প্রতিযোগিতা নিয়ন্ত্রক সংস্থা আরও জানিয়েছে ইনস্টাগ্রামও তাদের নজরে রয়েছে। সংস্থার বক্তব্য, ভুয়ো মতামত দেওয়া-নেওয়ার মাধ্যমে আমাদের গ্রাহকদের বিভ্রান্ত করার মতো কোনও কাজ ফেসবুকের মাধ্যমে করা যাবে না।

## আমিরশাহির প্রথম মহিলা মহাকাশচারী নোরা



**১১ এপ্রিল:** মহাকাশচারী হিসেবে প্রশিক্ষণের জন্য সাতাশ বছরের তরুণী নোরা অল-মাত্রুশি-কে বেছে নিল সংযুক্ত আরব আমিরশাহি। এই প্রথম মহাকাশচারীর প্রশিক্ষণ নেওয়ার সুযোগ পাবেন কোনও আরব মহিলা। মার্কিন মহাকাশ গবেষণা সংস্থা নাসা-র ২০২১ সালের মহাকাশচারী প্রশিক্ষণ কোর্সে যোগ দেবেন নোরা। উল্লেখ্য, ২০২৪ সালের মধ্যে চাঁদে রোভারের মতো যান পাঠানোর পরিকল্পনা রয়েছে আমিরশাহির।

## রাফাল চুক্তিতে ঘুষের তত্ত্ব ফাঁস করল ফরাসি মিডিয়া



**৫ এপ্রিল:** ফরাসি সংবাদমাধ্যম জানাল, রাফাল যুদ্ধবিমান নির্মাতা ফরাসি সংস্থা দাসো ভারতে এক ‘মিডলম্যান’কে ১০ লক্ষ ইউরো ‘উপহার’ দিতে রাজি হয়েছিল। ভারতীয় মুদ্রায় যার পরিমাণ ৮ কোটি টাকারও বেশি। ২০১৬ সালে রাফাল যুদ্ধবিমান কেনার জন্য নরেন্দ্র মোদী সরকারের সঙ্গে ফ্রান্সের চুক্তি হয়। তারপরেই দাসো ওই ‘মিডলম্যান’ ভারতের ডেফসিস সলিউশন সংস্থার কর্ণধার সুষেণমোহন গুপ্তকে প্রাপ্য টাকা মিটিয়ে দেয়। উল্লেখ্য, সুষেণকে ইডি ২০১৯ সালে ওয়েস্টল্যান্ড ভিভিআইপি চপার কেলেঙ্কারিতে গ্রেপ্তারও করেছিল। উল্লেখ্য, কংগ্রেস নেতা রাহুল গান্ধী গত লোকসভা ভোটের আগে থেকেই রাফাল চুক্তিতে দুর্নীতির অভিযোগ তুলেছেন।

## মঙ্গলে অবতরণ সফল ইনজেনুইটির



**৬ এপ্রিল:** মঙ্গলগ্রহে নাসার পাঠানো মিনি হেলিকপ্টার ইনজেনুইটি সফলভাবে প্রথম রাত কাটাল মঙ্গলপৃষ্ঠে। নাসার মঙ্গলযান পার্সিভিয়ারেন্সের থেকে আলাদা হয়ে ৩ এপ্রিল মঙ্গলের মাটি ছুঁয়েছিল হালকা ওজনের ইনজেনুইটি। তবে বিজ্ঞানীরা চিন্তিত ছিলেন এই মিনি হেলিকপ্টারটির কার্যকারিতা নিয়ে। মঙ্গলপৃষ্ঠের তাপমাত্রা মাঝে মাঝে মাইনাস ৯০ ডিগ্রি সেলসিয়াস পর্যন্ত নেমে যায়। ওই ঠান্ডায় নিজস্ব সোলার হিটার চালিয়ে সমস্ত যন্ত্রপাতিকে সচল রেখে আপাতত সফল এই ছোট যানটি। এখন মঙ্গলের তথ্য সংগ্রহের কাজ করবে ইনজেনুইটি।

# গড়ে তুলুন নিজেকে

স্নাতক বা স্নাতকোত্তর স্তরে পড়াশোনা শেষ করেই মনে হয় এবারে একটা চাকরি চাই। কেউ কেউ উচ্চমাধ্যমিক দিয়েই চাকরির জন্য খোঁজখবর শুরু করে। কিন্তু শুধু সিলেবাস ধরে পড়াশোনা করলেই চাকরির বাজারের জন্য সম্পূর্ণ উপযুক্ত হওয়া যায় না। দরকার আরও কিছু। আধুনিক কাজের জগৎ ঠিক কী চাইছে? কীভাবে নিজেই নিজেকে উপযুক্ত করে গড়ে তুলবেন আধুনিক এই কর্মজগতের জন্য? এই নিয়েই এই বিভাগ। বিভিন্ন নামী সরকারি-বেসরকারি সংস্থার ব্যস্ত পেশাদাররা জানাচ্ছেন তাঁদের নিজেদের গড়ে ওঠার কথা, পরামর্শ দিচ্ছেন কীভাবে আপনারাও নিজেদের গড়েপিটে নেবেন দ্রুত বদলাতে থাকা এই কর্মজগতের জন্য।

## প্রস্তুতির পুরো দায়িত্বই এখন নিজের কাঁধে নিতে হবে



গৌতম দাশগুপ্ত
ডিরেক্টর
কেপজেমিনি



পরিস্থিতি জটিল হচ্ছে ধরে নিয়েই নিজেকে প্রস্তুত করতে হবে এখন। নিজেকে তৈরি করার সব থেকে গুরুত্বপূর্ণ ধাপ হল ছাত্রজীবন। অথচ প্রাতিষ্ঠানিক পড়াশোনাই এখন সব থেকে বিপর্যস্ত। স্কুল, কলেজ, ট্রেনিং ইনস্টিটিউটগুলি বন্ধ। অনলাইনের পাঠ্যসিস্টেমের অব্যবস্থা যুবপ্রজন্মকে সমস্যায় ফেলছে।

এই অবস্থায় প্রস্তুতির পুরো দায়িত্বই নিজের কাঁধে নিতে হবে। চাকরির জন্য গ্রুমিং ক্লাস বা স্কুল, কলেজের ক্লাস সবই এখন অনলাইন। সামনাসামনি বোঝাপড়ার পারস্পরিক সাহচর্য যে-কোনও কিছু শেখার জন্য খুব জরুরি। কিন্তু এখন অনলাইন ছাড়া তো এগিয়ে যাওয়ার উপায় নেই। তাই এই সিস্টেমকেই কাজে লাগাতে হবে।

### বিভিন্ন মাধ্যমে জনসংযোগ তৈরি করা

জনসংযোগ কাজ পাওয়ার অন্যতম উপায়। যোগাযোগের জন্য এখন অনেক মাধ্যম আছে। ফলে যত পারো নিজেকে সামাজিক রাখার চেষ্টা করো। সোশ্যাল মিডিয়ায় জনসংযোগ বাড়াও। তবে পরিচিতের তালিকা অকারণ দীর্ঘ না হয় খেয়াল রাখতে হবে। অনেক অলস, নেতিবাচক লোকজনের সঙ্গে যোগাযোগ থাকার চেয়ে উদ্যমী, পজিটিভ অল্প সংখ্যক লোক তোমাকেও এগিয়ে রাখবে। জনপরিচিতি থাকলে কাজের খোঁজও সহজে পাবে।

সোশ্যাল মাধ্যমে নানাধরনের অ্যাক্টিভিটির খবর থাকে এখন। অনেকেই নিজের মতো করে কিছু না কিছু করছে। বিভিন্ন ধরনের ব্যবসার খোঁজ যেমন পাবে আবার এইসব অ্যাক্টিভিটির সূত্রে অনেকের সঙ্গে পরিচয় হবে যাঁরা সুপ্রতিষ্ঠিত।

কাজের খোঁজে বিভিন্ন অফিসে ঘোরা করোনার এই বাড়াবাড়ি পর্যায় ঠিক নয়। তাই যতটা পারো পরিচিত সূত্রে ফোন নম্বর জোগাড় করে ফোনে কথা বলে আবেদন জানাও। ওয়েবসাইটে বা মেল করে সিভি জমা দাও।

### সরকারি প্রকল্পের খোঁজ রাখো

সরকারি স্বনির্ভর প্রকল্প, অনুদান ব্যবস্থা সচল আছে। ফলে ব্যবসা করতে চাইলে সরকারি সহায়তা পাওয়া যাচ্ছে নির্দিষ্ট প্রক্রিয়া অনুযায়ী। তাই যারা স্বাধীনভাবে ব্যবসা করবে ভাবছ তারা কেন্দ্র ও রাজ্য সরকারের ওয়েবসাইটগুলো নিয়মিত সার্চ করো।

যারা চাকরির জন্য মানসিক ভাবে তৈরি তারাও সরকারি ওয়েবসাইটগুলোয় চোখ রাখো। নিরখরচায় বা কম খরচায় বিভিন্ন সরকারি প্রশিক্ষণ চলছে। ঘরে থেকে এইসব অনলাইনেই শিখে নিতে পারো।

### ভালোভাবে অবসর সময় কাটাও


অনলাইন সেশন অনেক সময়ই একঘেয়ে লাগে। একা ঘরে বসে দীর্ঘসময় ধরে কাজ বা কোনও কিছু শেখা আলস্য এনে দেয়। অথচ বাইরে যাওয়া, আড্ডা, গল্পের উপায় নেই। তাই শরীর মন চাঙ্গা রাখার প্রথম উপায় হল শরীরচর্চা। দিনের শুরুতে, বিকেলে এবং রাতে খাওয়ার পর হালকা ব্যায়াম চাঙ্গা রাখবে, খিদে, উদ্যম বাড়বে। অবসর সময় পড়ার অভ্যেস তৈরি করতে পারলে খুব ভালো। যে-কোনও কিছু পড়ো। বই, ম্যাগাজিন, খবরের কাগজ যাই হোক। পড়ার অভ্যেস তৈরি করতে পারলে গৃহবন্দী থেকেও একা মনে হবে না নিজেকে আর জানার পরিধিও বাড়বে।

XIME
• Bangalore
• Chennai
• Kochi
Shaping Future Leaders

PGDM 2021-23
Admissions to Bangalore Campus
Close
on 30th April, 2021
Please visit: www.xime.org

Xavier Institute of Management & Entrepreneurship
Electronics City, Phase II, Hosur Road,
Bangalore 560 100 Mob. 9686161813
Tel: 080-2852 8597 / 98
Email: admissions@xime.org

An MBA program that prepares students of management for new business challenges



PES University Ring Road Campus


The rapid changes in business, economy and regulatory environments pose new business challenges for the graduating students of MBA program. PES University, with one of the best placement records for the management and engineering programs in the country gives the students a head start by ensuring an updated curriculum, digitally enabled campus and research-oriented faculty. The student community is exposed to enriching industry and academic interactions. The alumni initiatives offer practical insights about the demands of the corporate world the students of MBA program can expect.



Library at PESU ring road campus

A VIBRANT CAMPUS AND STUDENT COMMUNITY

The tradition of regularly hosting conferences, talks and interactions with experts and industry leaders are temporarily replaced by online events. The Centre for Innovation and Entrepreneurship (CIE) on the campus brings together the best management and technical minds to explore start up ideas. Recently held interactions include e-summits on topics of fostering the spirit of entrepreneurship, webinar on lessons from Covid-19, game changing strategies and talk on dynamics of relationship, to name a few. The MBA curriculum is digitally tuned to reinforce the subjects with the on-line dimension to enable the students to make the most of the new business opportunities.



Dr. M R Doreswamy, Chancellor, PES University

ACTIVE GUIDANCE BY FACULTY

The University's focus on research creates opportunities for faculty to mentor the students and work closely with them. The interaction provides them the feedback to improvise the curriculum to strengthen their abilities in line with the professional opportunities. This has resulted in participation of students in popular national and international competitions and the faculty speaking in prestigious industry and academic conferences.

EXTENDED PAID INTERNSHIP

Built on the strong belief that learning happens outside the classroom in equal measure, the MBA program has been structured uniquely with most part of the second year dedicated to industry internship for which the stipend will be paid by both the University and the company. This has resulted in experiential learning by their students which makes them industry ready immediately after graduation. This unique structure has also increased the pre-placement offers from companies to a large extent.

STRATEGIC NATIONAL AND INTERNATIONAL ACADEMIC TIE-UPS

The faculty of management studies in collaboration with Harvard Business School Online brings its world-class courses and curated executive programs in virtual mode. PES has integrated Harvard's Foundation courses into the MBA curriculum. A tie-up with W P Carey School of Business of Arizona State University, ranked among the top-30 business schools in the world, qualifies MBA students for a dual-degree of MS and MBA in two years. Academic tie-ups with leading national and international institutions enables students to pursue courses in niche subjects. These courses include residential program on marketing analytics at IIT-Madras campus, course with Indiana University of Pennsylvania, USA, summer course at University of Rome, courses in fintech at IIM-Kozhikode and IIM-Indore campuses and course on securities trading at NISM-Mumbai. Wide range of pre-placement trainings and strategic partnership with E&Y opens up professional opportunities for the graduating students.

PES UNIVERSITY

MBA PROGRAM

The two-year full time MBA program offers specialisation in Marketing, Finance, Business Analytics, and Human Capital Management.

PES

Ranked sixth among private universities in India by a leading magazine in 2019, highly reputed departments and research centres are a part of PES University. The University is currently building an academic facility of over 1.2 million sq. ft, which would be one of the largest monolithic academic spaces in the country. The University is an institution of choice for thousands of young minds who trust PES University's commitment to education for the real world.

For more details contact: 080-26721983
Website: www.pes.edu
Email:pessat@pes.edu, admissions@pes.edu

## চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# কেন্দ্রীয় সরকারে ৮২২ অফিসার

## সিভিল সার্ভিসেস ও ফরেস্ট সার্ভিস প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

**'CSAT' PAPER II**

**General Mental Ability**

1. What percent selling price would be 34% of the cost price if the gross profit is 26% of the selling price?
(a) 74% (b) 25.16% (c) 17% (d) 88.3%

2. If 6 years are subtracted from the present age of Shyam and the remainder is divided by 18, then the present age of his grandson Anup is obtained. If Anup is 2 years youngest to Mahesh whose age is 5 years, what is the age of Shyam?
(a) 48 years (b) 60 years (c) 84 years (d) 96 years

3. A cloth merchant sold half of his cloth at 40% profit, half of remaining at 40% loss and the rest was sold at the cost price. In the total transaction his gain or loss will be:
(a) 20% gain (b) 25% loss (c) 10% gain (d) 15% loss

4. At what rate of simple interest, a certain sum will be doubled in 15 years?
(a) $5\frac{1}{2}$ % p.a (b) 6% p.a (c) $6\frac{2}{3}$ % p.a (d) $7\frac{1}{2}$ % p.a

5. There is a path, 1m wide, outside a rectangular's field of 16m length and 11m breadth. Then the total area of the path is:
(a) 58 m (b) 58 sqm (c) 36 sqm (d) 28 sqm

6. The ratio of the present age of a man and his wife is 4 : 3 and 4 years hence, the ratio of their ages will be 9 : 7. If the ratio of their ages at the time of their marriage was 13 : 9, how many years ago where-they married?
(a) 4 (b) 8 (c) 6 (d) 9

7. What is the height of a cylinder that has the same volume and radius as a sphere of diameter 12 cm?
(a) 7 cm (b) 8 cm (c) 9 cm (d) 10 cm

8. If the total surface area of a cube is 96 $cm^2$, volume is:
(a) 56 $cm^3$ (b) 16 $cm^3$ (c) 64 $cm^3$ (d) 36 $cm^3$

9. If $a = \frac{b^2}{b-a}$, then the volume of $a^3 + b^3$ is:
(a) 6ab (b) 0 (c) 1 (d) 2

10. If in Δ ABC, ∠ABC = 5, ∠ACB and ∠BAC = 3, ∠ACB, then ∠ABC = ?
(a) 80° (b) 100° (c) 140° (d) 120°

11. The volume of air in a room is 204 $m^3$. The height of room is 6m. What is the floor area of the room?
(a) 32$m^2$ (b) 46$m^2$ (c) 44$m^2$ (d) 34$m^2$

12. A chord 12cm long is drawn in a circle of diameter 20 cm. The distance of the chord from the centre is:
(a) 8 cm (b) 6 cm (c) 10 cm (d) 16 cm

13. A invests Rs. 64000 in a business. After few months B joined him with Rs. 48000. At the end of the year, the total profit was divided between them in the ratio 2 : 1. After how many months did B join?
(a) 2 months (b) 4 months (c) 6 months (d) 8 months

14. The dimensions of a room is 10m × 7m × 5m. There are 2 doors and 3 windows in the room. The dimensions of the doors are 1m × 3m. One window is of size 2m × 1.5 m and the other two windows are of size 1m × 1.5 m. The cost of painting the walls at Rs. 3 per $m^2$ is:
(a) Rs. 578/- (b) Rs. 474/- (c) Rs. 684/- (d) Rs. 894/-

15. A person of height 2m wants to get a fruit which is on a pole of height $\frac{10}{3}$ m. If he stands at a distance of $\frac{4}{\sqrt{3}}$ m from the foot of the pole then the angle of which he should throw the stone, so that it hits the fruit is:
(a) 60° (b) 45° (c) 90° (d) 30°

**'Analytical Reasoning'**

**Direction (16 to 18):** *Read the following information to answer these question.*

There are six students J, K, L, M, N and O. J and K belong Priya palace and the rest belong to Nisha palace. M and O are tall while other students are short. J, L and M are identified by wearing jeans while others wearing caps.

16. Which two students are not wearing jeans and are short?
(a) L and N (b) K and N (c) J and N (d) K and O

17. Which short students of Nisha palace is wearing a cap?
(a) O (b) L (c) M (d) N

18. Which tall student of Nisha palace is wearing jeans?
(a) O (b) N (c) M (d) L

**Direction (19 to 21):** *There are six employees sitting in a competitive examination, namely K, L, M, N, O and P. K and L are from Dehradun while M, N, O and P are from Mangalore. N and P are tall while rest are short. L, O and P are males while rest of them are females.*

19. Who is the tall female from Mangalore?
(a) M (b) P (c) O (d) N

20. Who is the short female from Dehradun?
(a) M (b) L (c) K (d) N

21. Who is the tall male from Mangalore?
(a) O (b) P (c) M (d) N

এরপর সাতের পাতায়

# ডব্লু বি সি এস প্রিলিমিনারি

## পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*গত সংখ্যার পর*

194. কোন টানেলটি বিশ্বের দীর্ঘতম টানেল হিসেবে স্বীকৃতি পেয়েছে?
(a) অটল টানেল (b) জওহর টানেল (c) পিরপঞ্জাল টানেল (d) উবের টানেল

195. জগদলপুর পৌরসভা ভারতের কোন শহরে অবস্থিত?
(a) ছত্তিশগড় (b) পশ্চিমবঙ্গ (c) তামিলনাড়ু (d) ঝাড়খণ্ড

196. ভারতীয় সেনাবাহিনী কোন দেশকে Sig 716 অ্যাসল্ট রাইফেলের বরাত দিয়েছে?
(a) মার্কিন যুক্তরাষ্ট্র (b) রাশিয়া (c) ইজরায়েল (d) জাপান

197. রাষ্ট্রসংঘের সভাপতি ভোলকান বোজকির কোন দেশের অধিবাসী?
(a) জাপান (b) মালয়েশিয়া (c) তুরস্ক (d) ইংল্যান্ড

198. হাওড়া-কালকা মেলের নতুন নামকরণ কী রাখা হয়েছে?
(a) নেতাজি এক্সপ্রেস (b) সরদার এক্সপ্রেস (c) আজাদ এক্সপ্রেস (d) বসু এক্সপ্রেস

199. ভারতের কোন রাজ্য 6 জানুয়ারিকে 'সাংবাদিকতা দিবস' হিসেবে পালন করে?
(a) মহারাষ্ট্র (b) গুজরাট (c) পশ্চিমবঙ্গ (d) মধ্যপ্রদেশ

200. কোন শহরে গ্রীষ্মকালীন অলিম্পিক 2024 অনুষ্ঠিত হবে?
(a) প্যারিস (b) টোকিও (c) লস অ্যাঞ্জেলেস (d) বেজিং

**উত্তর**

194(a), 195(a), 196(a), 197(c), 198(a), 199(a), 200(a).

**সমাধান**

151(b): $27x^3 + \frac{1}{x^3} = (3x)^3 + \left(\frac{1}{x}\right)^3 = \left(3x + \frac{1}{x}\right)^3 - 3.x.\frac{1}{x}\left(3x + \frac{1}{x}\right)$
$= 5^3 - 9 \times 5 = 125 - 45 = 80.$

152(b): ধরা যাক জমির দৈর্ঘ্য x এবং প্রস্থ y ∴ ক্ষেত্রফল = xy

এবার 25% বাড়ানোর পর জমির দৈর্ঘ্য হবে $\frac{125}{100} \times x = \frac{5x}{4}$

আবার 25% কমানোর পর প্রস্থ হবে $\frac{75}{100} \times y = \frac{3y}{4}$

∴ ক্ষেত্রফল হবে $= \left(\frac{5x}{4} \times \frac{3y}{4}\right) = \frac{15xy}{16}$

অর্থাৎ ক্ষেত্রফল কমেছে $\left(xy - \frac{15xy}{16}\right) = \frac{xy}{16}$

% এর বিচারে এর পরিমাণ $= \frac{xy \times 100}{16 \times xy} = \frac{100}{16} = 6.25\%$ বাড়বে।

153(d): 25 একটি বর্গসংখ্যা, অন্যগুলি নয়।

154(c): 23 29 36 44 53
+6 +7 +8 +9

155(b): ছাত্রসংখ্যায় $\frac{1}{10}$ = ছাত্রীসংখ্যায় $\frac{1}{4}$

or, $\frac{\text{ছাত্রসংখ্যা}}{\text{ছাত্রীসংখ্যা}} = \frac{10}{4} = \frac{5}{2} = 5 : 2$

156(d): কমে $= \frac{x^2}{100}\% = \frac{(10)^2}{100}\% = \frac{100}{100}\% = 1\%$

157(a): $\frac{1}{100 \times 2} = \frac{1}{200} = 0.005.$

158(d): 12 : 39 : : 16 : x

$\Rightarrow \frac{12}{39} = \frac{16}{x} \Rightarrow x = \frac{16 \times 39}{12} = 52.$

159(a): $\frac{A}{B} \times \frac{B}{C} \times \frac{C}{D} = \frac{2}{3} \times \frac{5}{8} \times \frac{9}{10}, \frac{A}{D} = \frac{3}{8}$

or, $A = \frac{3}{8} \times D$

∴ A-এর মান হবে $= \frac{3}{8} \times 56 = 21.$

160(c): ধরা যাক, x টাকা বিনিয়োগ করা হয়েছিল, এর 3 গুণ = 3x টাকা
অতএব, সুদ হবে = 3x − x = 2x টাকা

সময় $\frac{\text{সুদ} \times 100}{\text{আসল} \times \text{হার}} = \frac{2x \times 100}{x \times 10} = 20$ বছর

181(b): লোকসংখ্যা রইল = (1200 − 400) = 800 জন

এরপর সাতের পাতায়

# রাজ্যের ৭২৩৭ আসনে নার্সিংয়ের ডিপ্লোমা ও সার্টিফিকেট কোর্সে ভর্তি

## পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*গত সংখ্যার পর*

57. Nearest in Meaning
Please expand your Commentary on the text.
(a) Increase (b) Amplify (c) Enlarge (d) Magnify

58. The Road was completely ____ by a fallen tree.
(a) closed (b) stopped (c) blocked (d) hindered

59. 'Opposite in Meaning'
We has a rich diet there.
(a) poor b) plain (c) simple (d) lean

60. He spoke in a whisper.
(a) Shout (b) Murmur (c) Rumble (d) Roar

**লজিক্যাল রিজনিং**

61. যদি '+' এর প্রতীক P হয়; '×' প্রতীক R হয়; '−' এর প্রতীক S হয় এবং '÷' এর প্রতীক T হয়, তবে 5 R 9 P 7 S 9 T 3 P 6 এর মান হবে:
(a) 55 (b) 54 (c) 39 (d) 56

62. নীচের সংখ্যাশ্রেণীটির লুপ্ত সংখ্যাটি কত?
24, 25, 27, ?, 39, 55
(a) 29 (b) 31 (c) 33 (d) 35

63. নীচের অক্ষর সংখ্যা শ্রেণিটির শূন্যস্থান পূরণ করুন:
B2E, D6H, F14K, H30N, ?
(a) K 62 P (b) K 50 P (c) 150 Q (d) J 62 Q

64. যদি CABLE -এর সংকেতলিপি হয় XZYOV, তবে YZXP কার সম্ভাব্য সংকেতলিপি?
(a) BABY (b) BACK (c) CELL (d) BELL

65. 4, 10, 22, 46, ... সারির পরবর্তী পদটি হল:
(a) 66 (b) 76 (c) 56 (d) 94

**উত্তর**

57(b), 58(c), 59(b), 60(a), 61(a), 62(b), 63(d), 64(b), 65(d).

**সমাধান:**

35(b): 17 গ্রাম → 22.4 ∴ 34 গ্রাম → $\frac{34}{17} \times 22.4 = \boxed{44.8}$

39(a): u = 30 m/s, v = 16 m/s, t = ?

$v = u - gt \Rightarrow 16 = 30 - 9.8 \times t, t = \frac{30-16}{9.8} = 1.428$ সেকেন্ড।

41(a): $(4x)^2 - (3x)^2 = 112 \Rightarrow 16x^2 - 9x^2 = 112$
$\Rightarrow 7x^2 = 112 \Rightarrow x^2 = 16 \Rightarrow x = 4$
সংখ্যাদু'টির যোগফল $= 3x + 4x = 7x = 7 \times 4 = \boxed{28}$

42(c): 116 − 2 = 114, 230 − 2 = 228, 363 − 2 = 361
114, 228 ও 361-এর গ.সা.গু. = 19.

43(a): 2 বছরের সুদ = (2208 − 1920) = 228 টাকা
1 বছরের সুদ = 144 টাকা, 5 বছরের সুদ = (144 × 5) = 720 টাকা
আসল = (1920 − 720) টাকা = 1200 টাকা, সুদ $= \frac{144 \times 100}{1200} = 12\%.$

44(d): শুধু অঙ্কে ফেল করে (40 − 20)% = 20%
শুধু ইংরেজিতে ফেল করে (30 − 20) = 10%
∴ একটি বিষয় ও উভয় বিষয়ে ফেল করে = (20 + 10 + 20)% = 50%
∴ পাস করে = (100 − 50)% = 50%.

45(d): ট্রেনটি 1 সেকেন্ডে যায় $= 54 \times \frac{5}{18} = 15$ মিটার
ট্রেনটির দৈর্ঘ্য = (15 × 12) = 180 মিটার।

61(a): $5 \times 9 + 7 - 9 \div 3 + 6 = 45 + 7 - 3 + 6 = 58 - 3 = \boxed{55}$

62(b): সিরিজটি হল: 24 + 1 = 25, 25 + 2 = 27, 27 + 4 = 31
31 + 8 = 39, 39 + 16 = 55

63(d): B + 2 → D + 2 → F + 2 → H + 2→ J
2 + 4→ 6 + 8 →14 + 16 = 30 + 32 → 62
E + 3 → H + 3→K + 3 → N + 3 → Q
পদটি হল, J 62 Q

64(b) X → C, Z →A, Y → B, O →L, V→E
সম্ভবত: Decodeটি হবে Y→ B, Z = A, X →C, P →K
অর্থাৎ BACK.

65(d): 4 × 2 + 2 = 10
10 × 2 + 2 = 22, 22 × 2 + 2 = 46
46 × 2 + 2 = 94
∴ পরের পদটি হবে 94.

*প্রস্তুত করেছেন: সাগর রায়*

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## কেন্দ্রীয় সরকারে ৮২২ অফিসার

### সিভিল সার্ভিসেস ও ফরেস্ট সার্ভিস প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*ছয়ের পাতার পর*

**Direction (22 to 24):** *There are six books/volumes kept in a steel rack/shelf and are labelled as L, M, N, O, P and Q. M, P, N and Q have blue covers while others have red covers. L, M and O are new volumes while the rest are old volumes. L, M and N are law books while the rest are engineering books.*

22. Which two volumes are old engineering books having blue covers?
(a) P and N (b) P and O (c) P and Q (d) Q and L
23. Which new volume engineering book has a red cover?
(a) L (b) O (c) Q (d) P
24. Which new volume law book has a blue cover?
(a) P (b) N (c) L (d) M

**Direction (25 to 27):** *Five friends namely Kapil, Govind, Hans, Raju and Jitu have very good characteristics and are being considered for various awards. Govind, Kapil and Hans are sincere. Kapil, Raju and Jitu are very brave. Raju, Hans and Jitu are very truthful. Kapil, Govind and Jitu are courteous.*

25. Which combination of friends is 'courteous' but not 'Brave'?
(a) Govind and Kapil (b) Jitu and Hans (c) Hans and Raju (d) None of these
26. Which person is 'courteous' but neither 'Truthful' nor 'Brave'?
(a) Hans (b) Raju (c) Kapil (d) Govind
27. Which is neither 'courteous' nor 'Brave'?
(a) Kapil (b) Govind (c) Hans (d) Raju

**Test the English language**

**Passage-I**

The recent rapid growth of industry has, in some cases, been so excessive that too much manufacturing capacity has been developed in some fields of production, which forces companies to sell their surplus products in world markets at prices lower than normal. This will make it almost impossible to develop local industries producing the same items because consumers will prefer to buy the cheaper imported product.

28. Why is it necessary for companies to sell products at cheaper pries?
(a) There is a heavy demand for their products (b) The cost of production has been considerably low (c) The demand has been lowered significantly (d) Companies produce surplus products
29. Which are most likely to hamper the development of local industries?
A. Availability of imported product at cheaper reates.
B. Consumer's tendency to retrain from using imported products.
C. Excessive production capacity and low production cost.
(a) A (b) B (c) C (d) A and C
30. 'Imported product' as used in the last part refere to:
(a) surplus product manufactured by foreign country and sold at a normal price (b) product of foreign country available at a below normal price (c) Product sold to such other country which can't locally manufacture it (d) product manucactured locally but of export quality
31. According to the passage, the situation resulting from the rapid industrial growth is:
(a) usfavourable to the growth of local industries (b) favourable to the manufacturers (c) unfavourable to the consumers (d) disastrous to the exporters
32. 'This will make'–in this sentence 'This' refers most closely and directly to:
(a) the recent rapid growth of industry (b) companies manufacturing surplus products (c) development of local industries (d) selling products at excessively lower prices

**Passag-II**

The surprisingly abundant life of the Indian ocean is confined to the upper layers; the deeper and especially the bottom waters are devoid of oxygen and are often permeated with hydrogen sulphide

33. The sentence suggests which one of the following?
(a) There are different layers of waters in the ocean (b) Hydrogen sulphide is necessary to life (c) oxygen is not necessary for marine life (d) Both $O_2$ and $H_2S$ are necessary to life:
34. The sentence gives the information about:
(a) the life of the people near the Indian ocean (b) the reason why life exists in particular water layers (c) the life of the people who sail across the Indian ocean (d) the reason why $H_2S$ is found in the bottom layers
35. Which is the most opposite of the word ABUNDANT as used in the passage?
(a) Meagre (b) tiny (c) plentiful (d) insufficient
36. The water of the Indian ocean:
(a) are devoid of life (b) have life only in the upper layers (c) have life only in the lower layers (d) lack life and it is very surprising
37. The bottom waters of the Indian ocean:
(a) have no oxygen (b) have large amount of oxygen (c) have no $H_2S$ (d) contain oxygen and hydrogen sulphide

**Passge-III**

Although a smiling face often disguises the mind and heart of villain, an indiscriminate generalisation of this phenomenon will do injustice to the innocent children whose faces bloom like flowers.

38. Which is most opposite of the word 'INDISCRIMINATE' as used in the sentence?
(a) Promiscuous (b) Selective (c) Undistinguished (d) Broad
39. The intention of the author seems to be:
(a) to point out to an exception to the general rule (b) to argue in favour of children who are sometimes guilty (c) to forcefully defend the kind acts of villains (d) to give justice to the generous actions of everyone
40. The author of the sentence accepts the fact that:
(a) The faces of innocent children disguise ill acts (b) the faces of innocent children are as pleasing as the flowers in bloom (c) the faces of the villains are never smiling (d) an indiscriminate generalisation is justifiable
41. Which is most nearly the same in meaning DISGUISES as used in the sentence?
(a) Conceals (b) Reflects (c) Proves (d) Reveals
42. The author feels that an indiscriminate generalisation of the phenomenon:
(a) should be done in all cases except children and flowers (b) would brand all people with smiling faces as villains (c) would do justice to the children who are guilty (d) may lead good people to involve in ill actions

**Passage-IV**

Religion is the greatest instrument for so raising us. It is amazing that a person not intellectually bright, perhaps not even educated, is capable of grasping and living by something so advanced as the principles of Christianity. Yet, there is a common phenomenon. It is not, however, in my province to talk about religion, but rather to stress the power which great literature and the great personalities whom we meet in it and in history have to open and enlarge over minds, and to show us what is first rate in human personality and human character by showing us goodness and greatness.

43. In the passage, the author's ultimate intention is to talk about:
(a) character (b) education (c) religion (d) history
44. The phrase 'so raising us' means:
(a) making us realise that we all are children of God (b) improving our mental abilities (c) giving us a sense of spiritual superiority (d) making us feel that we are all important that we really are
45. What surprises the author is that:
(a) despite being difficult and complex, the principles of christianity are practised by so many people (b) even uneducated people are attracted towards christianity (c) Christianity is practised by a large number of people (d) Intelligent people cannot understand the principles of christianity
46. The author hesitates to talk about religion because:
(a) Nobody around him likes to talk about it (b) he does not feel himself competent to talk about it (c) he does not believe in any religion (d) he does not fully understand its importance
47. According to the author, we come across examples of greatness and nobility in:
(a) great works of literature (b) literary and historical works (c) historical records (d) books on christianity

**Data Interpretation**

**Direction (48 to 52):** *Study the following table to answer the given question.*

**Notifications of transmissible infectious diseases over the years (Rate per 100000 inhabitants)**


| Year | Total (of about 12 diseases) | Typhoid | Hepatitis |
|---|---|---|---|
| 2013 | 88 | 46 | 27 |
| 2014 | 126 | 60 | 44 |
| 2015 | 124 | 60 | 47 |
| 2016 | 211 | 109 | 86 |
| 2017 | 192 | 122 | 56 |
| 2018 | 165 | 99 | 57 |
| 2019 | 144 | 98 | 39 |
| 2020 | 191 | 96 | 86 |

48. Which year is the increase in rate from the previous year for hapatitis is the maximum?
(a) 2017 (b) 2018 (c) 2019 (d) 2020
49. Which year is the percentage of typhoid out of the total the highest?
(a) 2017 (b) 2018 (c) 2019 (d) 2020
50. If the population in 2016 was 2.75 crores, how many cases of Hepatitis were notified?
(a) 23650 (b) 23660 (c) 23670 (d) 23680
51. In 2017, what was the rate of other 11 diseases except for typhoid?
(a) 14 (b) 70 (c) 56 (d) 75
52. What is the difference in the average rate for the given years between hepatitis and typhoid?
(a) 31 (b) 30 (c) 29 (d) 28

**Direction (53 to 57):**

Percentage of different types of employes in an organisation.
Total employees = 7000

| | Out of these percent of | |
|---|---|---|
| | Direct | Promotees |
| 1. Steno | 30 | 70 |
| 2. Assistant | 40 | 60 |
| 3. Supervisor | 50 | 50 |
| 4. Cleark-I | 90 | 10 |
| 5. Clerk-II | 30 | 70 |
| 6. Officer-I | 90 | 10 |
| 7. Officer-II | 70 | 30 |




**Answers**

1(b), 2(b), 3(c), 4(c), 5(d), 6(c), 7(b), 8(c), 9(b), 10(b), 11(d), 12(a), 13(b), 14(b), 15(d), 16(b), 17(d), 18(c), 19(d), 20(c), 21(b), 22(c), 23(b), 24(d), 25(d), 26(d), 27(c), 28(d), 29(d), 30(b), 31(a), 32(d), 33(a), 34(b), 35(a), 36(b), 37(a), 38(b), 39(b), 40(b), 41(a), 42(a), 43(b), 44(a), 45(a), 46(b), 47(b), 48(d), 49(c), 50(a), 51(b), 52(a).

এরপর আগামী সংখ্যায়

প্রস্তুত করেছেন: সাগর রায়

## ডব্লু বি সি এস প্রিলিমিনারি

### পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*ছয়ের পাতার পর*

দিনসংখ্যা রইল $= (60 - 20) = 40$ দিন

অতএব, অবশিষ্ট লোকেদের বাকি খাদ্য চলবে $= \frac{40 \times 1200}{800} = 60$ দিন।

182(a): ধরি, 36টি কমলালেবুর বিক্রয়মূল্য 36 টাকা
$\therefore$ 4টি কমলালেবুর বিক্রয়মূল্য 4 টাকা $\therefore$ ক্রয়মূল্য $= 36 + 4 = 40$ টাকা
শতকরা ক্ষতি $= \frac{4}{40} \times 100\% = 10\%$.

183(b): প্রথম 20% ছাড় দেওয়ার পর জিনিসটির মূল্য দাঁড়াল $= 100 - 20 = 80$ টাকা
এই 80 টাকার ওপর 30% ছাড় $= 24$ টাকা ছাড়
$\therefore$ পরিশেষে জিনিসটির মূল্য দাঁড়াল $= 80 - 24 = 56$ টাকা
$\therefore$ মোট ছাড় $= 100 - 56 = 44\%$.

184(a): ধরা যাক, $\frac{a}{5} = \frac{b}{7} = \frac{c}{8} = k,\ a = 5k, b = 7k, c = 8k$
মান বসিয়ে পাই, $= \frac{a+b+c}{a} = \frac{5k+7k+8k}{5k} = \frac{20k}{5k} = 4$.

185(c): বৃহত্তম সংখ্যা হল (43 – 3), (91 – 3) এবং (183 – 3)-এর গ.সা.গু. )
$\therefore$ 40, 88, 180 এর গ.সা.গু. = 8.

186(b): $398 - 7 = 391,\ 436 - 11 = 425,\ 542 - 15 = 527$
391, 425, 527 এর গ.সা.গু. = 17

```
391) 425 (1
     391
     ----
      38) 391 (11
          34
          ---
           51        17) 527 (31
           34            51
           ---           ---
        17) 34 (2         17
            34            17
```

$\therefore$ বৃহত্তম সংখ্যাটি হবে 17.

187(c): কোনও সংখ্যাকে 48 দিয়ে ভাগ করলে 35 ভাগশেষ থাকলে, ওই সংখ্যাকে 8 দিয়ে ভাগ করলে $(35 \div 8)$ ভাগশেষ থাকবে $= 3$.

188(d): $m^n = 121 \Rightarrow m^n = (11)^2$
$\therefore n = 2$ এবং $m = 11 \therefore (m-1)^{n-1} = (11-1)^{2-1} = (10)^1 = 10$.

189(a): $16^{0.16} \times 2^{0.36} = 2^{4 \times .16 + 0.36} = 2^{.64 + .36} = 2^1 = 2$.

190(b): $99\frac{97}{99} \times 99 = \left(99 + \frac{97}{99}\right) \times 99 = 99 \times 99 + 97 = (100 - 1)\,99 + 97 = 9900 - 99 + 97 = 9900 - 2 = 9898$.

*প্রস্তুত করেছেন: সাগর রায়*

## কী পড়বেন, কোথায় পড়বেন

# প্লাস্টিক টেকনোলজির নানা কোর্স



সেন্ট্রাল ইনস্টিটিউট অব প্লাস্টিক্স ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি (সিপেট) দ্বারা পরিচালিত প্লাস্টিক টেকনোলজি-সংক্রান্ত ডিপ্লোমা, পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা এবং পোস্ট ডিপ্লোমা কোর্সে ভর্তির প্রবেশিকা পরীক্ষা 'সিপেট জয়েন্ট এন্ট্রান্স এক্সাম-২০২১' হবে জুলাইয়ের শেষ সপ্তাহে। এটি ভারত সরকারের রসায়ন ও পেট্রোরসায়ন বিভাগের অধীনস্থ একটি প্রতিষ্ঠান। কোর্সগুলি শুরু হবে অগস্টে।

কোর্সের বিবরণ: ডিপ্লোমা কোর্স: **প্লাস্টিক্স টেকনোলজি, প্লাস্টিক্স মোল্ড টেকনোলজি:** শিক্ষাগত যোগ্যতা: উভয় কোর্সের ক্ষেত্রেই অন্তত মাধ্যমিক। আই টি আই কোর্স পাশ প্রার্থীরাও আবেদনের যোগ্য। এ বছরের পরীক্ষার্থীরাও আবেদনের যোগ্য। কোর্সের মেয়াদ: ৩ বছর।

**পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন প্লাস্টিক্স প্রসেসিং অ্যান্ড টেস্টিং: শিক্ষাগত যোগ্যতা:** বি এসসি। অন্যতম বিষয় হিসেবে কেমিস্ট্রি পড়ে থাকতে হবে। **কোর্সের মেয়াদ:** দেড় বছর।

**পোস্ট ডিপ্লোমা ইন প্লাস্টিক্স মোল্ড ডিজাইন (ক্যাড/ক্যাম-সহ): শিক্ষাগত যোগ্যতা:** মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং/প্লাস্টিক্স টেকনোলজি/পলিমার/ টুল/প্রোডাকশন/ অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং/মেকট্রনিক্স/ টুল অ্যান্ড ডাই মেকিং/ পেট্রোকেমিক্যালস/ ইন্ডাস্ট্রিয়াল/ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজিতে ডিপ্লোমা অথবা সিপেট থেকে প্লাস্টিক্স মোল্ড টেকনোলজি বা প্লাস্টিক্স টেকনোলজিতে তিন বছরের ডিপ্লোমা। **কোর্সের মেয়াদ:** দেড় বছর।

নিয়মানুসারে তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত থাকবে।

**কোর্স ফি:** সেমেস্টার-পিছু পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা এবং পোস্ট-ডিপ্লোমার ক্ষেত্রে ২২,০০০ টাকা এবং ডিপ্লোমা কোর্সের ক্ষেত্রে ১৬,৭০০ টাকা। হস্টেল ফি অতিরিক্ত।

প্রার্থী বাছাই করা হবে একটি কম্পিউটারভিত্তিক প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা জুলাইয়ের শেষ সপ্তাহে। পরীক্ষা নেওয়া হবে দেশের বিভিন্ন বড় শহরগুলিতে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.cipet.gov.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন পদ্ধতিতে অ্যাপ্লিকেশন ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ২৫০)। প্রতিষ্ঠানের তরফে আবেদনের শেষ তারিখ এখনও জানানো হয়নি। আগ্রহীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট। ফোন নম্বর: ৬৩৮১১৬৪৫৩৮, ০২২-৬২৫০৭৭৬২, ০৪৪-২২২৫৪৫১৪।

# কোল ইন্ডিয়ায় মেডিক্যাল এক্সিকিউটিভ

৪৪ জন মেডিক্যাল এক্সিকিউটিভ নেবে কোল ইন্ডিয়া। এটি কয়লা মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। সিনিয়র মেডিক্যাল স্পেশ্যালিস্ট/মেডিক্যাল স্পেশ্যালিস্ট এবং সিনিয়র মেডিক্যাল অফিসার পদে নিয়োগ করা হবে এই সব ক্ষেত্রে: সার্জেন, জেনারেল ফিজিশিয়ান, জি অ্যান্ড ও, সাইকিয়াট্রিস্ট, প্যাথোলজিস্ট/মাইক্রোবায়োলজিস্ট, পালমোনোলজিস্ট/চেস্ট স্পেশ্যালিস্ট, ই এন টি, রেডিওলজিস্ট। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: CIL/WCL/1164/2021.

**সিনিয়র মেডিক্যাল স্পেশ্যালিস্ট/মেডিক্যাল স্পেশ্যালিস্ট:** শূন্যপদ ২৩টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ২)। **শিক্ষাগত যোগ্যতা:** এম বি বি এস-সহ সংশ্লিষ্ট ক্ষেত্রে পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি বা ডিপ্লোমা। ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

**সিনিয়র মেডিক্যাল অফিসার:** শূন্যপদ ২১টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ২)। **শিক্ষাগত যোগ্যতা:** এম বি বি এস।

**বয়স:** ১০-৪-২০২১ তারিখে সিনিয়র মেডিক্যাল অফিসার ও মেডিক্যাল স্পেশ্যালিস্ট পদের ক্ষেত্রে ৩৫ বছর এবং সিনিয়র মেডিক্যাল স্পেশ্যালিস্ট পদের ক্ষেত্রে ৪২ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ হবে ওয়েস্টার্ন কোলফিল্ডসের হেডকোয়ার্টার্স নাগপুরে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান পাবেন এই ওয়েবসাইটে: www.westerncoal.in পূরণ করবেন যথাযথ ভাবে। প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল-সহ পূরণ করা দরখাস্ত ৩০ এপ্রিলের মধ্যে স্পিড পোস্টের মাধ্যমে পৌঁছতে হবে এই ঠিকানায়: General Manager (Personnel), Executive Establishment Department, WCL, 2nd Floor, Coal Estate, WCL HEADQUARTERS, CIVIL LINES, NAGPUR, MAHARASHTRA, PIN CODE:440001.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# কোল ইন্ডিয়ায় ডাক্তার

সিনিয়র মেডিক্যাল স্পেশ্যালিস্ট, মেডিক্যাল স্পেশ্যালিস্ট এবং সিনিয়র মেডিক্যাল অফিসার পদে ৭০ জনকে নেবে কোল ইন্ডিয়া। এটি কেন্দ্রের কয়লা মন্ত্রকের অধীনস্থ একটি প্রতিষ্ঠান।

শূন্যপদের বিবরণ: **সিনিয়র মেডিক্যাল স্পেশ্যালিস্ট ও মেডিক্যাল স্পেশ্যালিস্ট:** মোট শূন্যপদ ৪০টি। শিক্ষাগত যোগ্যতা: এম বি বি এস, সঙ্গে সংশ্লিষ্ট বিষয়ে পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি বা ডিপ্লোমা। সিনিয়র মেডিক্যাল স্পেশ্যালিস্টের ক্ষেত্রে সংশ্লিষ্ট কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**সিনিয়র মেডিক্যাল অফিসার (জি ডি এম ও):** ২৮টি। শিক্ষাগত যোগ্যতা: এম বি বি এস। সিনিয়র মেডিক্যাল অফিসার (ডেন্টাল): ২টি। শিক্ষাগত যোগ্যতা: বি ডি এস, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**বয়স:** ৭-৪-২০২১ তারিখে সিনিয়র মেডিক্যাল স্পেশ্যালিস্ট পদের ক্ষেত্রে ৪২ বছর এবং সিনিয়র মেডিক্যাল অফিসার ও মেডিক্যাল স্পেশ্যালিস্টের ক্ষেত্রে ৩৫ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। **বেতনক্রম:** সিনিয়র মেডিক্যাল স্পেশ্যালিস্ট পদের ক্ষেত্রে ৭০,০০০-২,০০,০০০ টাকা এবং বাকি দু'টি পদের ক্ষেত্রে ৬০,০০০-১,৮০,০০০ টাকা।

সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। নির্দিষ্ট ঠিকানায় আবেদনপত্র পৌঁছনোর শেষ তারিখ ৩০ এপ্রিল।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: http://coalindia.co.in/ অথবা https://www.mahanadicoal.in/

## ভারত কোকিং কোলে

# মেডিক্যাল এক্সিকিউটিভ

৮১ জন মেডিক্যাল এক্সিকিউটিভ নেবে ভারত কোকিং কোল। এটি কোল ইন্ডিয়ার ভর্তুকিপ্রাপ্ত একটি সংস্থা। নিয়োগ করা হবে সিনিয়র মেডিক্যাল স্পেশ্যালিস্ট (ই-ফোর)/ মেডিক্যাল স্পেশ্যালিস্ট (ই-থ্রি), সিনিয়র মেডিক্যাল অফিসার এবং সিনিয়র মেডিক্যাল অফিসার (ডেন্টাল) পদে। সিনিয়র মেডিক্যাল স্পেশ্যালিস্ট/মেডিক্যাল স্পেশ্যালিস্ট নিয়োগ করা হবে এই সমস্ত স্পেশ্যালাইজেশনে: সার্জেন, জেনারেল ফিজিশিয়ান, জি অ্যান্ড ও, অর্থোপেডিশিয়ান, পেডিয়াট্রিশিয়ান, সাইকিয়াট্রিস্ট, প্যাথোলজিস্ট অ্যান্ড মাইক্রোবায়োলজিস্ট, ডার্মাটোলজিস্ট, পোমোলজিস্ট/চেস্ট স্পেশ্যালিস্ট, অপথালমোলজিস্ট এবং রেডিয়োলজিস্ট।

এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর CIL/BCCL/01/2021. অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bcclweb.in দরখাস্তের শেষ তারিখ ৩০ এপ্রিল। শূন্যপদের বিন্যাস-সহ বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে ফোন করতে পারেন এই নম্বরে: ৬২৮৭৬-৯৮৮৮৭ (যে-কোনও কাজের দিন সকাল ১০টা থেকে বিকেল ৫টার মধ্যে)।

## ফল বেরোল

**ন্যাশনাল টেস্টিং এজেন্সি (এন টি এ) কর্তৃক আয়োজিত কমন ম্যানেজমেন্ট** অ্যাডমিশন টেস্ট (সি-ম্যাট)-এর ফল প্রকাশিত হয়েছে এই ওয়েবসাইটে: https://ntaresults.nic.in সফল প্রার্থীরা অ্যাপ্লিকেশন নম্বর, প্রার্থীর জন্মতারিখ এবং সিকিউরিটি পিনের সাহায্যের ফলাফল দেখতে পারবেন।






স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও এবিপি প্রাঃ লিঃ, মৌজা: বড়বেড়িয়া, পোঃ জগন্নাথপুর, থানা: বারাসাত, জেলা: ২৪ পরগনা (উঃ) থেকে মুদ্রিত। **প্রধান সম্পাদক:** অমরেন্দ্র চক্রবর্তী **সম্পাদক:** মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in